আল কুরআনের সংক্ষিপ্ত তাফসির (৩য় পর্ব) ﴿ التفسير الموجز للقرآن الكريم: الجزء الثالث ﴾ [वाला - bengali - البنغالية -]

সম্পাদনা : মুহাম্মদ শামসূল হক সিদ্দিক

2010 - 1431 islamhouse....

﴿ التفسير الموجز للقرآن الكريم: الجزء الثالث ﴾ «باللغة البنغالية »

مراجعة: محمد شمس الحق صديق

2010 - 1431 Islamhouse....

আল কুরআনের সংক্ষিপ্ত তাফসির

সূরা আল–বাকারা

আয়াত: ৮৩--١٤١

بِسْمِ اللهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ اَعُوْدُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

আল্লাহর কাছে আশ্রয় চাই অভিশপ্ত শয়তান থেকে; পরম করুণাময় মেহেরবান আল্লাহর নামে তরু করছি।

وَإِذْ أَخَذْنَا مِيثَاقَ بَنِي إِسْرَائِيلَ لاَ تَعْبُدُونَ إِلاَّ اللهُ وَبِالْوَالِدَيْنِ إِحْسَاناً وَذِي الْقُرْبَى وَالْيَتَامَى وَالْمَسَاكِينِ وَقُولُواْ لِلنَّاسِ حُسْناً وَأُقِيمُواْ الصَّلاَةَ وَآثُواْ الرَّكَاةَ ثُمَّ تَوَلَّيْتُمْ إِلاَّ قَلِيلاً مِّنكُمْ وَأَنتُم مُعْرِضُونَ

৮৩. আর শ্বরণ কর, যখন আমি বনী ইসরাঈলের অঙ্গীকার গ্রহণ করলাম যে, তোমরা আল্লাহ ছাড়া কারো ইবাদাত করবে না সদাচার করবে পিতা—মাতা, আত্মীয়—স্বজন, ইয়াতীম ও মিসকীনদের সাথে। আর মানুষকে উত্তম কথা বল, ১০৮ সালাত কারেম কর এবং যাকাত প্রদান কর। অতঃপর তোমাদের মধ্য থেকে স্কন্প সংখ্যক ছাড়া ১০৯ তোমরা ফিরে গেলে। আর তোমরা (সীকার করে অতঃপর তা থেকে) বিমুখ হও।

১০৮. এখানে রয়েছে একমাত্র আল্লাহর উদ্দেশে ইবাদতের সকল অনুভূতি, প্রয়োগ নির্দিষ্ট করার তাগিদ, মাতা–পিতার প্রতি সদাচার, আত্মীয়–পরিজ্ঞন, ইয়াতিম, অসহায়দের সাথে উত্তম ব্যবহার এবং জাতি–ধর্ম–বর্ণ নির্বিশেষে সব মানুষের সাথে সদাচার, নম্র ব্যবহার ও ভালো কথা বলার তাগিদ; তবে সদাচারের অজুহাতে কারও ক্ষেত্রেই দীনের ব্যাপারে ছাড় দেয়া যাবে না। এমনকী কেউ ফেরাউনতুল্য হলেও বিনম্র ভাষায় দীনের আদর্শ প্রচারে সর্বাত্মক সাধনা চালিয়ে যেতে হবে। প্রয়োগ করতে হবে তাকে বুঝাতে সকল পথ ও পদ্ধতি।

১০৯. এঁরা তাওরাতের একনিষ্ঠ অনুসারী ছিলেন এবং আল্লাহ তাদেরকে সত্যের উপর প্রতিষ্ঠিত রেখেছিলেন। وَإِذْ أَخَذْنَا مِيثَاقَكُمْ لاَ تَسْفِكُونَ دِمَاءكُمْ وَلاَ تُخْرِجُونَ أَنفُسَكُم مِّن دِيَارِكُمْ ثُمَّ أَقْرَرْتُمْ وَأَنتُمْ تَشْهَدُونَ

৮৪. আর যখন আমি তোমাদের অঙ্গীকার গ্রহণ করলাম যে, তোমরা নিজদের রক্ত প্রবাহিত করবে না ১১০ এবং নিজদেরকে তোমাদের গৃহসমূহ থেকে বের করবে না। অতঃপর তোমরা স্বীকার করে নিলে। আর তোমরা তার সাক্ষী।

১০০. মানব হত্যা আসমানী ধর্মে নিষিদ্ধ। বনী ইসরাইলদের কাছ থেকেও আল্লাহ তাআলা মানব হত্যা না করার অঙ্গীকার নিয়েছিলেন। কেবল যুদ্ধের ময়দানে যতটুকু না হলেই নয় এবং শরিয়তের বিধান মুতাবেক কিসাস ও হুতুদ বাস্তবায়নের জন্যই, সীমিত ক্ষেত্রে, রক্তপাতের বৈধতা রয়েছে।

ثُمَّ أَنتُمْ هَـؤُلاء تَقْتُلُونَ أَنفُسَكُمْ وَتُخْرِجُونَ فَرِيقاً مِّنكُم مِّن دِيَارِهِمْ تَظَاهَرُونَ عَلَيْهِم بِالإِثْمِ وَالْعُدُوانِ وَإِن يَأْتُوكُمْ أَسَارَى ثَفَادُوهُمْ وَهُوَ مُحَرَّمٌ عَلَيْكُمْ إِخْرَاجُهُمْ أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكُفُرُونَ بِبَعْضِ قَمَا جَزَاء مَن يَفْعَلُ دَلِكَ مِنكُمْ إِلاَّ خِرْيُّ فِي الْحَيَاةِ الدُّلْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَدَابِ وَمَا اللَّهُ بِغَافِل عَمَّا تَعْمَلُونَ

৮৫. অতঃপর তোমরাই তো তারা, যারা নিজদেরকে হত্যা করছ এবং তোমাদের মধ্য থেকে একটি দলকে তাদের গৃহ থেকে বের করে দিচ্ছ; পাপ ও সমীলজ্ঞানের মাধ্যমে তাদের বিরুদ্ধে সহায়তা করছ। আর তারা যদি বন্দী হয়ে তোমাদের নিকট আসে, তোমরা মুক্তিপণ দিয়ে তাদেরকে মুক্ত কর। অথচ তাদেরকে বের করা তোমাদের জন্য হারাম ছিল। ^{১১০} তোমরা কি কিতাবের কিছু অংশে ক্ষমান রাথ আর কিছু অংশ অস্বীকার কর? সূতরাং তোমাদের মধ্যে যারা তা করে লাঞ্ছনা ছাড়া তাদের কী প্রতিদান হতে পারে? তুনিয়ার জীবনে। আর কিয়ামতের দিনে তাদেরকে কঠিনতম আযাবে নিক্ষেপ করা হবে। ১১১ আর তোমরা যা কর, আল্লাহ সে সম্পর্কে গাফিল নন।

১১০. এ ব্যাপারটি বুঝতে একটু থৈর্য্যের সাথে তৎকালীন প্রেক্ষাপট সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা নেয়া দরকার। মদীনার আওস ও খাযরাজনামে তু'টি গোত্র পরস্পর শত্রু ছিল, তাই তাদের মধ্যে যুদ্ধ লেগেই থাকত। মদীনার উপকর্ষ্যে বাস করত বনী কুরায়যা ও বনী নাযীর নামের তু'টি ইছ্দী গোত্র। বনী কুরায়যা ছিল আওস গোত্রের মিত্র; অপরদিকে খাযরাজ গোত্রের মিত্র ছিল বনী নাযীর।

বনী কুরায়যার লোকদেরকে হত্যা ও বহিষ্কার করার পেছনে খাযরাজ্ব গোত্রের মিত্র বনী নাযীরের সক্রিয় ভূমিকা থাকত। অনুরূপভাবে বনী নাযীরকে হত্যা ও বহিষ্কারে ইন্ধন যোগাতো আওস গোত্রের মিত্র বনী কুরায়যা। তবে একটি ব্যাপারে উভয় ইছদী গোত্র ছিল এক ও অভিন্ন। তাহল, ইহুদী গোত্রন্ধরের কেউ যদি অন্য গোত্রের কারো হাতে বন্দী হত, তাহলে নিজ মিত্রদের অর্থে তাকে মুক্তিপণ দিয়ে ছাড়িয়ে নিত। কেউ এ ব্যাপারে প্রশ্ন করলে তারা বলত, বন্দী মুক্তকরণ আমাদের উপর ওয়াজিব। আবার আরব গোত্রন্ধরের পরস্পরের বিরুদ্ধে যুদ্ধে সাহায্য করার ব্যাপারে প্রশ্ন করা হলে তারা বলত, মিত্রদের সাহায্য করা থেকে বিরত থাকা লজ্জার ব্যাপার। তাই এ-আয়াতে আল্লাহ তাত্রালা ইহুদীদের এ-দ্বিমুখী আচরণের নিন্দা করেছেন এবং খুলে দিয়েছেন তাদের ঘৃণ্য কৃট–কৌশলের মুখোশ।

১১১. এ-হল সর্বকালের সর্বযুগের মানবগোষ্ঠির জন্যে আসমানী বিধান। অর্থাৎ যারা কিতাবের সুবিধাজনক অংশগুলোকে বিশ্বাস করে ও মানে, আর নিজেদের তথাকথিত তুনিয়াবী স্বার্থের সাথে সাংঘর্ষিক বিষয়গুলোকে ছল–চাতুরীর মাধ্যমে অথবা স্পষ্টভাবে অবিশ্বাস ও অমান্যে করে, তাদের পরিণতি হল কঠিনতম আযাব যাতে তারা নিক্ষিপ্ত হবে।

أُولَـــئِكَ الَّذِينَ اشْتُرَوُا الْحَيَاةَ التُنْيَا بِالآخِرَةِ قَلاَ يُخَفِّفُ عَنْهُمُ الْعَدَّابُ وَلاَ هُمْ يُنصَرُونَ ৮৬. তারা আখিরাতের বিনিময়ে ত্রনিয়ার জীবনকে খরিদ করেছে। ১১২ সুতরাং তাদের থেকে আযাব হালকা করা হবে না এবং তারা সাহায্যগ্রান্তও হবে না।

১১২, অথচ যা হওয়া উচিত, তা মহান আল্লাহ তাত্ৰালা বলেছেন এভাবে:

নিশ্চয় আল্লাহ তাআলা মুমিনদের কাছ খেকে তাদের জান-মাল জাল্লাতের বিনিময়ে কিনে নিয়েছেন। দেখুন: সূরা আত–তাওবা, আয়াত ১১১।

وَلَقَدُ آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَقَفَّبُنَا مِن بَعْدِهِ بِالرُّسُلِ وَآتَيْنَا عِيسَى ابْنَ مَرْيَمَ الْبَيْنَاتِ وَأَيَّدُنَاهُ بِرُوجِ الْقُدُسِ أَفَكُلَّمَا جَاءِكُمْ رَسُولٌ بِمَا لاَ تَهْوَى أَنفُسُكُمُ اسْتَكْبَرُثُمْ فَفَرِيقاً كَذَبْتُمْ وَفَرِيقاً تَقْتُلُونَ لَعُدُس أَفَكُلَمَا جَاءِكُمْ رَسُولٌ بِمَا لاَ تَهْوَى أَنفُسُكُمُ اسْتَكْبَرُثُمْ فَفَرِيقاً كَذَبْتُمْ وَفَرِيقاً تَقْتُلُونَ لا 9. سام ساله निक्य प्रमादक किछाव पिराहि এवং छात शरत এदकत शत अक तामृल एप्रतभ करति । अत्य आत्र भात श्राहि भारति करति शिराहि भू भावि । अत्य आत्र शात छात भारति करति शिराहि भारति आज्ञान्त अध्य मिराहि भारति करति हि शिराहि भारति । अत्य कि एक्यामास्त निक्य यथनहै दकान तामृल अमन किছू निरा अरम्भल (छामता दिष्णा भारति भारति । अरम्भल एक एक्या करतह ।

১১৩. 'সুস্পষ্ট নিদর্শনাবলী'র দ্বারা সেই উজ্জ্বল আলামত ও চিহ্নগুলোকে বুঝানো হয়েছে, যা দেখে প্রতিটি সত্যপ্রিয় ও সত্যানুসন্ধিৎসু মানুষ ঈসা আ'লাইহিস সালামকে আল্লাহর নবী হিসেবে চিনতে পারে।

১১৪. 'পবিত্র রূহ' বলতে এখানে জিব্রীল আ, কে বুঝানো হয়েছে।

وَقَالُواْ قُلُوبُنَا غُلْفُ بَلِ لَعَنَهُمُ الله بِكُفْرِهِمْ فَقَلِيلاً مَّا يُؤْمِنُونَ

৮৮. আর তারা বলপ, আমাদের অস্তরসমূহ আচ্ছাদিত; ^{১১৫} বরং তাদের কুফরীর কারণে আল্লাহ তাদেরকে লা'নত করেছেন। অতঃপর তারা খুব কমই ঈমান আনে। ^{১১৬}

১১৫. ইছদীরা বুঝাতে চায় যে, তাদের অন্তরগুলো দৃঢ় আচ্ছাদন দিয়ে সুরক্ষিত; তা পরিবর্তনের জন্যে কোনো যুক্তি বা প্রমাণ – এমন কি আল্লাহর আয়াতসমূহের বক্তব্যের আলোকে চেষ্টা করলেও তাতে কোনো প্রভাব পড়ে না। এটি তাদের নিরেট একওঁয়েমি, অজ্ঞতা, মুর্থতা ও বিদ্বেষপ্রসুত একধরণের হঠকারী মানসিকতার বহিঃপ্রকাশ। বস্তুতঃ তারা তাদের কিতাবে উল্লেখিত পরবর্তী নবী আগমনের পূর্বাভাষ অনুযায়ী মুহাশ্বাত্বর রাস্পুল্লাহ সাল্লাল্লাছ আ'লাইহি ওয়াসাল্লামকে সুস্পষ্টভাবে চিনতে পেরেও সচেতনভাবে তাঁকে অশ্বীকার করেছে।

এছাড়া বর্তমান বিকৃত তাওরাত ও বাইবেলের কয়েকটি উদ্ধৃতি হুবহু এখানে তুলে দেয়া হলো যেখানে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আগমন বিষয়ে ভবিষ্যৎবাণী রয়েছে:

প্রকৃত ও নকল নবী

^{১৮}আমি ওদের জন্য ওদের ভাইদের মধ্য থেকে তোমার মতো এক নবীর উদ্ভব ঘটাব, ও তার মুখে আমার বাণী রেখে দেব; আমি তাকে যা কিছু আজ্ঞা করব, তা সে তাদের বলবে। ^{১৯}আর আমার নামে সে আমার যে সকল বাণী বলবে, সেই বাণীতে কেউ যদি কান না দেয়, তবে তার কাছে আমি জ্বাবদিহি চাইব।

তাওরাত: দিতীয় বিবরণ, অধ্যায় ১৮, শ্লোক ১৮-১৯

XXX XXX XXX XXX XXX

বিদায় উপদেশ

সহায়ক পবিত্র আত্মার আগমন, শিষ্যদের আনন্দ

°এখন কিন্তু আমি তাঁরই কাছে যাচ্ছি যিনি আমাকে পাঠিয়েছেন, অথচ তোমাদের কেউ আমাকে জিজ্ঞাসা করছে না, আপনি কোখায় যাচ্ছেন? "কিন্তু এই সমস্ত তোমাদের বলেছি বিধায়ই তোমাদের মন তুঃখে ভরে গেছে। তা সত্ত্বেও আমি তোমাদের সত্যক্ষা বলছি: আমার চলে যাওয়াটা তোমাদের পক্ষে ভাল, কারণ আমি চলে না গেলে সেই সহায়ক তোমাদের কাছে আসবেন না; বরং যদি যাই, তাহলে আমি তাঁকে তোমাদের কাছে পাঠাব; "আর তিনি এসে জ্লাণকে পাপের বিষয়ে দোষী বলে সাব্যস্ত করবেন, (এবং ব্যক্ত করবেন)

××× ××× ××× ××× ××× ধর্মমরতা ও বিচার কী।

^{১২}তোমাদের কাছে আমার আরও অনেক কিছু বলার আছে, কিন্তু তোমরা এখন তা সহ্য করতে পার না। ^{১৩}তবে তিনি যখন আসবেন, সেই সত্যময় আআু, তিনিই পূর্ণ সত্যের মধ্যে তোমাদের চালনা করবেন, কারণ তিনি নিজে থেকে কিছুই বলবেন না, কিন্তু যে সমস্ত কথা শোনেন, তিনি তা–ই বলবেন; যা যা ঘটবার, তাও তিনি তোমাদের বলে দেবেন। ^{১৪}তিনি আমাকে গৌরবাম্বিত করবেন, কারণ যা আমার, তা–ই তুলে নিয়ে তিনি তা তোমাদের বলে দেবেন।

বাইবেল: যোহন–রচিত সুসমাচার, অধ্যায় ১৬, শ্লোক ৫-৮ এবং ১২-১৪

১১৬. অর্থাৎ ইন্থদীরা তাদের গর্ব-অহংকারের কারণে মনে করে যে, রাস্পুল্লাহ (সা:)-এর বক্তব্য এমনই যে, তা কোনো জ্ঞানী লোকের অন্তরে প্রবেশ করতে পারে না; অথচ প্রকৃত ব্যাপার এর সম্পূর্ণ বিপরীত। নিঃসন্দেহে মহানবী(স:)-এর উপস্থাপনা পুরোপুরি ওহী-ভিত্তিক, অত্যন্ত সারগর্ভ ও হৃদয়গ্রাহী। কিন্তু তাদের কৃফুরী ও হঠকারিতার ফলে মহান আল্লাহ তাদের অন্তরের উপর অভিশম্পাত বর্ষণ করেছেন, আর তাই কোনো যুক্তিপূর্ণ ও জ্ঞানময় কথা মনে-প্রাণে গ্রহণ করার কোনো যোগ্যতাই তাদের আর অবশিষ্ট নেই।

وَلَمَّا جَاءهُمْ كِثَابٌ مِّنْ عِندِ اللهِ مُصَدَّقٌ لِّمَا مَعَهُمْ وَكَانُواْ مِن قَبْلُ يَسْتَفْتِحُونَ عَلَى الَّذِينَ كَفَرُواْ فَلَمَّا جَاءهُم مَّا عَرَفُواْ كَفَرُواْ بِهِ فَلَعْنَةُ الله عَلَى الْكَافِرِينَ

১১৭. কুরআন মাজীদকে তাওরাতের 'মুসান্দিক' বা সত্যায়নকারী এজন্য বলা হয়েছে যে, তাওরাতে মুহাম্মাদ (সা:)-এর আবির্ভাব এবং কুরআন নাযিল সম্পর্কে যেসব ভবিষ্যমাণী করা হয়েছিল, কুরআনের মাধ্যমে সেগুলোর সত্যতা প্রমাণিত হয়েছে। তাই তাওরাতকে যারা মানে, তারা কিছুতেই কুরআন অমান্যকারী হতে পারে না। কেননা কুরআন মাজীদকে অস্বীকার করা প্রকারান্তরে তাওরাতকে অমান্য করার নামান্তর। এ ছাড়া তাওরাতের অবিকৃত অংশগুলো আল্লাহর অহী হওয়ার বিষয়টিও কুরআন সত্যায়ন করেছে। তবে আল কুরআনের পর কেবল আল কুরআন অনুযায়ী আমল হবে।

১১৮. মুহাম্মাদ (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম)-এর আবির্ভাবের পূর্বে ইহুদীরা অন্থিরতার সাথে তাঁর আগমনের প্রতীক্ষায় ছিল। কারণ তাদের নবীগণ সর্বশেষ নবীর আগমন সম্পর্কে ভবিষ্যদ্বাণী করেছিলেন এবং তারা এ মর্মে আল্লাহর কাছে দোয়াও করতেন যে, শেষনবীর আগমন যেন তাড়াতাড়ি হয়, তাহলে কাফিরদের প্রভাব–প্রতিপত্তি ধর্ব হবে এবং পূণরায় তাদের উত্থানের যুগ শুরু হবে।

মদীনাবাসীগণ এ-কথার সাক্ষী যে, তাদের প্রতিবেশী ইহুদীরা প্রায়শই বলে বেড়াত যে, 'তোমাদের যার যার মন চায় আমাদের উপর অত্যাচার চালিয়ে যাও, আথেরী নবী যখন আসবেন, তখন আমরা সেসব অত্যাচারীদের দেখে ছাড়ব'। মদীনার অধিবাসীগণ এসব কথা শুনতেন এবং তাই যখন তাঁরা নবী করীম (সোল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) সন্মন্ধে অবগত হলেন তখন তাঁরা নিজেদের মধ্যে বলাবলি করতেন, দেখো৷ ইহুদীরা যেন আমাদের আগে এই নবীর দীন গ্রহণ করে বাজিতে জিতে না যায়৷ চলো, আমরাই প্রথমে এই নবীর উপর ঈমান আনি। কিন্তু তাঁদের কাছে বিশ্বয়ের ব্যাপার হলো, যে ইহুদীরা এতদিন নবীর আগমনের প্রতীক্ষায় দিন গুণত, তারাই সেনবীর আবির্ভাব হবার পর তাঁর সবচে' বড় শত্রুতে পরিণত হলা!

১১৯. এর অসংখ্য প্রমাণ রয়েছে। এখানে একটি অত্যস্ত নির্ভরযোগ্য ঘটনা উল্লেখ করা হল। আর তা তুলে ধরেছেন মহানবী((সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর সহধর্মিনী উন্মূল মু'মিনীন সাফিয়াহ (রাদিয়াল্লাছ আনহা)। তিনি নিজেছিলেন মদীনার উত্তরাখ্বলের বিখ্যাত ইহুদী গোত্র বনী নাখীরের নেতৃস্থানীয় এক আলেম হুয়ায় ইবন আখতাব–এর মেয়ে এবং আরেকজন বড় মাপের ইহুদী আলেমের প্রাতৃষ্পুত্রী। তিনি তাঁর ইসলাম গ্রহণের আগের এই ঘটনাটি এভাবে বর্ণনা করেছেন যে,

নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের মদীনায় আগমনের পর আমার বাবা ও চাচা দু'জনই তাঁর সাথে সাক্ষাত করতে গিয়েছিলেন। দীর্ঘক্ষণ তাঁর সাথে কথাবার্তা বলার পর তারা ঘরে ফিরে আসেন। এ সময় আমি নিজের কানে তাদেরকে এভাবে আলাপ করতে শুনি:

চাচা: আমাদের কিতাবে যে নবীর খবর দেয়া হয়েছে, ইনি কি সত্যিই সেই নবী?

পিতা: আল্লাহর কসম, ইনিই সেই নবী!

চাচা: এ ব্যাপারে তুমি কি একেবারে নিশ্চিত?

পিতা: হ্যাঁ।

চাচা: তাহলে এখন কি করতে চাও?

পিতা: যতক্ষণ দেহে প্রাণ আছে, এর বিরোধিতা করে যাব। একে সফলকাম হতে দেব

नां।

(সূত্র: সীরাতে ইবনে হিশাম, ২য় খন্ড, পৃষ্ঠা ১৬৫, আধুনিক সংস্করণ)

بِثْسَمَا اشْتَرَوْاْ بِهِ أَنفْسَهُمْ أَن يَكُفُرُواْ بِمَا ٱنْزَلَ اللهُ بَغْياً أَن يُنْزِّلُ اللهُ مِن فَضْلِهِ عَلَى مَن يَشَاء مِنْ عِبَادِهِ فَبَآ وُواْ بِغَضَبٍ عَلَى عُضَبٍ وَلِلْكَافِرِينَ عَذَابٌ مُّهِينً

৯০. যার বিনিময়ে তারা নিজদেরকে বিক্রয় করেছে^{১২০} তা কত জঘন্য (তা এই) যে, আল্লাহ যা নাযিল করেছেন তা তারা অস্বীকার করেছে এ**ই** জিদের বশবর্তী হয়ে যে, আল্লাহ তাঁর বান্দাদের মধ্য থেকে যাকে ইচ্ছা তার উপর তাঁর অনুগ্রহ নাযিল করেছেন।^{১২১} সুতরাং তারা ক্রোধের উপর ক্রোধের অধিকারী হল। আর কাফিরদের জন্য রয়েছে লাঞ্ছনাকর আযাব।^{১২২}

১২০. অর্থাৎ নিজেদের কল্যাণ, শুভ পরিণাম ও পরকালীন মুক্তিকে জলাঞ্জলি দিয়েছে।

১২১. ইছদীদের আশা ছিল যে, শেষনবী তাদের অর্থাৎ ইসরাঈল বংশে জনুগ্রহণ করবেন। কিন্তু যখন তিনি বনী ইসরাঈলের বাইরে ইসমাইলী বংশধারায় প্রেরিত হলেন, যাদেরকে তারা নিজেদের মোকাবিলায় কুছে—জ্ঞান করত, তখন তারা তাঁকে তথুমাত্র তাদের একভঁরেমি ও হঠকারি মানসিকতার কারণে অস্বীকার করতে উদ্যত হল। তাদের মনোভাব এমনই যেন, আল্লাহ তাদেরকে জিজ্ঞেস করে নবী পাঠালেন না কেনা আল্লাহ যখন তাদেরকে জিজ্ঞেস না করে নিজের অনুগ্রহে নিজ পছন্দ অনুযায়ী নবী পাঠালেন, তখন তারা বিগড়ে গিয়ে তাঁকে সুস্পষ্টভাবে চিনতে পেরেও স্বাত্রক বিরোধিতা করতে তক্ত করে।

১২২, 'পাঞ্চনাদায়ক শান্তি' কাফিরদের জন্যেই নির্দিষ্ট। যারা ঈমানদার, তবে গুনাহগার – দয়াময় আল্লাহ তাদেরকে ক্ষমা করে দেবেন – আর যদি তিনি তাদেরকে শান্তি দেন, তবে তা হবে তাদের পাপমুক্ত করার শক্ষ্যে, লাঞ্ছিত করার উদ্দেশ্যে নয়।

وَإِذَا قِيلَ لَهُمْ آمِنُواْ بِمَا أَنزَلَ اللَّهُ قَالُواْ نُؤْمِنُ بِمَا أَنزِلَ عَلَيْنَا وَيَكُفُرونَ بِمَا وَرَاءهُ وَهُوَ الْحَقُّ مُصَدَّقاً لَمَا مَعَهُمْ قُلْ قَلِمَ تَقْتُلُونَ أَنبِيَاء اللهِ مِن قَبْلُ إِن كُنتُم مُّؤْمِنِينَ

৯১. আর যখন তাদেরকে বলা হয়, 'আল্লাহ যা নাযিল করেছেন তোমরা তার প্রতি ঈমান আন'। তারা বলে, 'আমাদের প্রতি যা নাযিল হয়েছে আমরা তা বিশ্বাস করি'। আর এর বাইরে যা আছে তারা তা অস্বীকার করে। ^{১২৩} অথচ তা সত্য, তাদের সাথে যা আছে তার সত্যায়নকারী। বল, 'তবে কেন তোমরা আল্লাহর নবীদেরকে পূর্বে হত্যা করতে, যদি তোমরা মুমিন হয়ে থাক?'

১২৩. এখানে ইছদীদের উদ্ধৃত বক্তব্যে রয়েছে কুফর ও তাদের অন্তরের হিংসা-বিশ্বেষের প্রমাণ। যেসব আসমানী কিতাব তাদের প্রতি নাযিল হয়নি, সেগুলোকে অস্বীকার করে তারা কুফুরি করেছে। যেমন, আমাদের ঈমানের একটি অন্যতম শর্ত হলো, পূর্ববর্তী সব আসমানী কিতাবসমূহের উপর বিশ্বাস (দেখুন: সূরা আল–বাকারা, আয়াত ৪)।

এখানে আল্লাহ তাআলা তাদের সামনে নিম্নোক্ত যুক্তিশুলো তুলে ধরেছেন:

- ক. অন্যান্য গ্রন্থের সত্যতার অকাট্য যুক্তি থাকা সত্ত্বেও সেগুলো অস্বীকার করার কোনো কারণ থাকতে পারে না।
- খ, কুরআন মাজীদও অন্যান্য আসমানী কিতাবের অন্তর্ভুক্ত একটি কিতাব। এটা তাওরাতের সত্যায়নকারীও বটে। তাই কুরআন মাজীদকে অস্বীকার করা তাওরাতকে অস্বীকার করার নামান্তর।
- গ. সব আসমানী কিতাব মতেই মহান নবী–রাসূলদেরকে হত্যা করা কৃষ্ণর। ইগুদীরা নবীদেরকে হত্যা করেছে, অথচ তাঁরা, বিশেষ করে, তাওরাতের শিক্ষাই প্রচার করতেন। তাই আসলে তাদের তাওরাতের উপর ঈমান আনার দাবীটাই অসার।

وَلَقَدْ جَاءكُم مُّوسَى بِالْبَيِّنَاتِ ثُمَّ الْخَدْتُمُ الْعِجْلَ مِن بَعْدِهِ وَأَنتُمْ طَالِمُونَ هُكِ صَاء عَمَّ بِالْبَيِّنَاتِ ثُمَّ الْخَدْتُمُ الْعِجْلَ مِن بَعْدِهِ وَأَنتُمْ طَالِمُونَ هُكِ صَاء عَمَّ العَمْ العَمَ عَمْ العَمْ ১২৪. মুসা আলাইহিস সালামকে মহান আলাহ তাআলা ৯টি সুস্পষ্ট নিদর্শন দিয়েছিলেন। মহান আলাহ তাআলা বলেন: 'আমি মুসাকে নয়টি প্রকাশ্য নিদর্শন দান করেছি' (দেখুন: সূরা বনী ইসরাঈল, আয়াত ১০১)। এগুলার বর্ণনা রয়েছে সূরা আল—আ'রাফ ও সূরা আয়—য়ৢখরুফ—এ। টেইনি নুর্টি কুর্টি ক্রিলি কের্টি কুর্টি কুর্টি

১২৬. অথচ মুমিনের বক্তব্য হওয়া উচিত: আমরা শুনলাম এবং মেনে নিলাম। আমরা শুনলাম এবং অমান্য করলাম এ-ধরনের কথা অস্থ্যাহর প্রতি ধৃষ্টতা প্রদর্শনকারী কাফেররাই কেবল বলতে পারে।

قُلْ إِن كَانَتُ لَكُمُ الدَّارُ الآخِرَةُ عِندَ اللَّهِ خَالِصَةً مِّن دُونِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ إِن كُنتُمْ صَادِقِينَ ه8. वन, 'यिन आह्मारत निक्षे आधितारकत आवाम खामारत खनारे निर्मिष्ठ थारक अन्ताना मानूष ছाড़ा। তবে ভোমরা মৃত্যু कामना कत्र³⁴⁹, यिन ভোমরা সজ্যবাদী হয়ে থাক'।

১২৭. ইন্ট্দীদের দুনিয়া–প্রীতির প্রতি এটি সৃক্ষ্ম বিদ্রুপ বিশেষ। আখিরাতের জীবন সম্পর্কে যারা সচেতন এবং তারা কখনো পার্থিব লোড-লালসায় নিমজ্জিত জীবন যাপন করতে পারে না। কিন্তু ইন্ট্দীদের অবস্থা এর সম্পূর্ণ বিপরীত ছিল এবং এখনো আছে।

وَلَن يَتَمَنَّوْهُ أَبَدًا بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ وَاللَّهُ عَلِيمٌ بِالظَّالِينَ

৯৫. আর তারা কখনো তা কামনা করবে না, তাদের হাত যা পাঠিয়েছে তার কারণে। আর আল্লাহ যাশিমদের সম্পর্কে অধিক জ্ঞাত। وَلَتَجِدَنَّهُمْ أَخْرَصَ النَّاسِ عَلَى حَيَاةٍ وَمِنَ الَّذِينَ أَشْرَكُواْ يَوَدُّ أَحَدُهُمْ لَوْ يُعَمَّرُ أَلْفَ سَنَةٍ وَمَا هُوَ بِمُزَخْرِجِهِ مِنَ الْعَدَّابِ أَن يُعَمِّرُ وَاللهُ بَصِيرٌ بِمَا يَعْمَلُونَ

৯৬. আর তুমি তাদেরকে পাবে জীবনের প্রতি সর্বাধিক লোভী মানুষরূপে। ^{১২৮} এমনকি তাদের থেকেও যারা শিরক করেছে। তাদের একজন কামনা করে, যদি হাজার বছর তাকে জীবন দেয়া হতা অথচ দীর্ঘজীবী হলেই তা তাকে আযাব থেকে নিষ্কৃতি দিতে পারবে না। আর তারা যা করে আল্লাহ সে সম্পর্কে সম্যক দ্রষ্টা।

كرى حياة ' বলা হয়েছে। এর মানে, কোনো না কোনোভাবে বেঁচে থাকা; তা যে কোনো ধরনের জীবন হোক না কেন, সম্থানের ও মর্যাদার বা হীনতার, দীনতার, লাঞ্ছনা–অবমাননার হোক না কেন, তার প্রতিই তাদের লোভ।

قُلْ مَن كَانَ عَدُوًّا لِجِبْرِيلَ قَإِنَّهُ نَزَلَهُ عَلَى قَلْبِكَ بِإِنْنِ اللهِ مُصَدُّقاً لَمَا بَيْنَ يَدَيْهِ وَهُدَى وَبُشْرَى لِلْمُؤْمِنِينَ

৯৭. বল, 'যে জিবরীলের শত্রু হবে ^{১২৯} (সে অনুশোচনায় মরুক) কেননা নিশ্চয় জিবরীল তা আল্লাহর অনুমতিতে তোমার অন্তরে নাযিল করেছে^{১৩০}, তার সামনে থাকা কিতাবের সমর্থক^{১৩১}, হিনায়াত ও মুমিনদের জন্য সুসংবাদরূপে ।^{১৩২}

১২৯. ইছদীরা কেবল নবী সাক্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর উপর যারা ঈমান এনেছিল তাদেরকেই গালমন্দ করত না, বরং তারা আল্লাহর প্রিয় মহান ফেরেশতা জিবরাঈল আলাইহিসসালামকেও শক্রু বলে গালি দিত।

১৩০. এ জন্যেই তাদের গালমন্দ জিবরাঈল আলাইহিসসালাম এর উপর নয়, আল্লাহর মহান সন্তার উপর আরোপিত হয়।

১৩১, জিবরাঈল আ: এ কুরআন মাজীদ বহন করে এনেছেন বলেই তারা তাঁকে গালমন্দ করে। অথচ কুরআন সরাসরি তাওরাতের সত্যতা সমর্থন করছে। ফলে তাদের এ বিযোদাার তাওরাতের বিরুদ্ধেও উচ্চারিত হচ্ছে। ১৩২. এখানে সৃক্ষ্মভাবে একটি আক্ষেপের ব্যাপার তুলে ধরা হয়েছে যে, ইহুদীদের সব অসম্ভব্তি হচ্ছে হিদায়াত ও সত্য–সহজ পথের বিরুদ্ধে। নির্বোধের মত তারা লড়ছে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রেসালতের বিরুদ্ধে। অথচ এই রেসালত মেনে নেওয়ার মধ্যেই নিহিত ছিল তাদের ইহ-পরকালীন মুক্তি ও কল্যাণ।

مَن كَانَ عَدُوًّا لَلْهُ وَمَلاَ يُصَحِّبِهِ وَرُسُلِهِ وَجِيْرِيلَ وَمِيكَالَ فَإِنَّ اللَّهَ عَدُوًّ لَّلْكَافِرِينَ كلا عَدُوًّا لَلْهُ وَمَلاَ يَعْدُوا لَلْهُ وَمَلاَ يَعْدُوا لَا اللَّهَ عَدُوًّا لَلْهُ عَدُوًّا لَلْهُ وَمَا كلا مُحَالًا اللهُ عَدُوا لَلْهُ وَمَلاَ اللهُ عَنْهُ اللهُ عَدْدُوا لَلْهُ وَمِيكَالَ فَإِنَّ اللَّهُ عَدُوا مَا كَانَ عَدُوا لَلْهُ وَمَا لَلْهُ وَمِنْ اللهُ عَنْهُ وَاللّهُ عَدْدُوا لَا اللّهُ عَدُوا لَا اللّهُ عَدُو

وَلَقَدْ أَنزَلْنَا إِلَيْكَ آيَاتٍ بَيِّنَاتٍ وَمَا يَكْفُرُ بِهَا إِلاَّ الْفَاسِقُونَ

৯৯. আর আমি অবশ্যই তোমার প্রতি সুস্পষ্ট নিদর্শনসমূহ নাযিল করেছি, ফাসিকরা ছাড়া^{১৩৩} অন্য কেউ তা অস্থীকার করে না।

১৩৩. আল্লাহর আদেশ-নিষেধ ও পথ-নির্দেশসমূহ অগ্রাহ্য ও অমান্যকারী।

أَوَّكُلُّمَا عَاهَدُواْ عَهْداً نَّبَدَهُ قَرِيقٌ مِّنْهُم بَلْ أَكْثَرُهُمْ لاَ يُؤْمِنُونَ

১০০. তবে কি যখনই তারা কোন ওয়াদা করেছে, তখনই তাদের মধ্য থেকে কোন এক দল তা ছুড়ে মেরেছে? বরং তাদের অধিকাংশ ঈমান রাখে না।

وَلَمَّا جَاءهُمْ رَسُولٌ مِّنْ عِندِ اللهِ مُصَدِّقٌ لَمَا مَعَهُمْ نَبَدَ فَرِيقٌ مِّنَ الَّذِينَ أُوثُواْ الْكِتَابَ كِتَابَ اللهِ وَرَاء ظُهُورِهِمْ كَأَنَّهُمْ لا يَعْلَمُونَ

১০১. আর যখন তাদের নিকট আল্লাহর কাছ থেকে একজন রাসূপ এল, তাদের সাথে যা আছে তা সমর্থন করে, তখন আহলে কিতাবের^{১৩৪} একটি দল আল্লাহর কিতাবকে তাদের পেছনে ফেলে দিল, (এডাবে যে) মনে হয় যেন তারা জ্ঞানে না।

১৩৪. পূর্ববর্তী আসমানী কিতাবসমূহ তথা তাওরাত ও ইক্সীঙ্গের অনুসারীবৃন্দ।

وَاتَّبَعُواْ مَا تَتْلُواْ الشَّيَاطِينُ عَلَى مُلْكِ سُلَيْمَانَ وَمَا كَفَرَ سُلَيْمَانُ وَلَكِنَّ الشَّيْاطِينَ كَفَرُواْ يُعَلِّمُونَ النَّاسَ السَّحْرَ وَمَا أُنزِلَ عَلَى الْمَلْكَيْنِ بِبَابِلَ هَارُوتَ وَمَارُوتَ وَمَا يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ حَتَّى يَقُولاَ إِنَّمَا خَنُ فِئْنَةً فَلاَ تَحْفُرُ فَيَتَعَلَّمُونَ مِنْهُمَا مَا يُفَرِّقُونَ بِهِ بَيْنَ الْمَرْءِ وَزَوْجِهِ وَمَا هُم بِضَارِّينَ بِهِ مِنْ أَحَدٍ إِلاَّ بِإِذْنِ اللهِ وَيَتَعَلَّمُونَ مَا يَضُرُّهُمْ وَلاَ يَنفَعُهُمْ وَلَقَدْ عَلِمُواْ لَمَنِ اشْتُرَاهُ مَا لَهُ فِي الآخِرَةِ مِنْ خَلاقِ وَلَبِئْسَ مَا شَرَوْاْ بِهِ أَنفُسَهُمْ لَوْ كَانُواْ يَعْلَمُونَ

১০২. আর তারা^{১০৫} অনুসরণ করেছে, যা শয়তানরা_{১০৬} সুলাইমানের রাজত্বে পাঠ করত। আর সুলাইমান কুফরী করেনি; বরং শয়তানরা কুফরী করেছে। তারা মানুষকে যাতু শেখাত^{১০৭} এবং (তারা অনুসরণ করেছে) যা নাযিল করা হয়েছিল বাবেলের তুই ফেরেশতা হারত ও মারুতের উপর। আর তারা কাউকে শেখাত না যে পর্যন্ত না বলত যে, 'আমরা তো পরীক্ষা, সুতরাং তোমরা কুফরী করো না।^{১০৮}

এরপরও তারা এদের কাছ থেকে শিখত, যার মাধ্যমে তারা পুরুষ ও তার স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটাত। ১০৯ অথচ তারা তার মাধ্যমে কারো কোন ক্ষতি করতে পারত না আল্লাহর অনুমতি ছাড়া। আর তারা শিখত যা তাদের ক্ষতি করত, তাদের উপকার করত না এবং তারা নিশ্চয় জানত যে, যে ব্যক্তি তা ক্রয় করবে, আখিরাতে তার কোন অংশ থাকবে না। আর তা নিশ্চিতরপে কতই—না মন্দ, যার বিনিময়ে তারা নিজদেরকে বিক্রয় করেছে। যদি তারা বুঝত।

১৩৫. বনী ইসরাঈল বা ইসরাঈল প্রজনু।

১৩৬, এখানে 'শায়াতীন' বলতে জ্বিন ও মানুষ উভয়েই অন্তর্ভুক্ত হতে পারে।

১৩৭. ইসরাঈল প্রজন্মের মধ্যে যখন চরম নৈতিক অধঃপতন দেখা দিল; গোলামি, মূর্খতা, অজ্ঞতা, দারিদ্র, লাঞ্চ্না ও হীনতার ফলে যখন তাদের জান্তিগত মনোবল ও উচ্চাকাঞ্চার বিলুপ্তি ঘটল, তখন তারা যাদ্র—টোনা, তারীজ্ঞ—তুমার, টোটকা ইত্যাদির প্রতি আকৃষ্ট হতে থাকল। তারা এমন সব পছার অনুসন্ধান করতে লাগল যাতে কোনো পরিশ্রম ও সংগ্রাম—সাধনা ছাড়াই ঝাড়—
থুঁক ও তন্ত্র—মদ্রের জ্ঞারে সাকল্য লাভ করা যায়। তখন লয়জনরা তাদেরকে প্ররোচনা দিতে লাগল। তাদেরকে বুঝাতে থাকলো যে, সুলাইমান আলাইহিস সালামের বিলাল রাজত্ব ও তাঁর বিশ্বয়কর ক্ষমতা তো আসলে কিছু মন্ত্র—তন্ত্র ও করেকটা আঁচড়, নক্শা তথা তাবীজের ফল। তারা তাদেরকে সেগুলো লিখিয়ে দেয়ার দায়িত্ব নিল। আর ইসরাঈল প্রজন্ম অপ্রত্যাশিত মহামূল্যবান সম্পদ মনে করে এতে ঝাঁপিয়ে গড়ল।

১৩৮. সমগ্র বনী ইসরাঈল জাতি যখন ব্যাবিলনে বন্দী ও গোলামির জীবন যাপন করছিল, মহান আল্লাহ তখন তাদের পরীক্ষার উদ্দেশ্যে দু'জন ফেরেশতাকে মানুষের বেশে পাঠিয়ছিলেন। লূত জাতির কাছে যেমন ফেরেশতারা গিয়েছিলেন সুদর্শন বালকের বেশে তেমনি বনী ইসরাঈলের কাছে হয়তো তারা দরবেশ ও ফকীরের ছদ্যবেশে হায়ির হয়ে থাকবেন। তারা তাদের ফেরেশতাসুলভ বৈশিষ্ট্য অক্ষুন্ন রেখেই সেখানে মানুষকে অল্লাহর নির্দেশ অনুযায়ী জ্ঞান দান করেছিলেন। তাদের শেখানো জ্ঞান ছিল নিঃসন্দেহে জায়েয়, উপকারী এবং কার্যকরী। তারা লোকদের এই মর্মে সতর্কও করে দিয়েছেন যে, দেখো, আমরা কিন্তু তোমাদের জন্য পরীক্ষাস্বরূপ। কাজেই নিজেদের পরকাল নষ্ট করো না, অর্থাৎকোনরূপ অসংও ক্ষতিকর উদ্দেশ্যে এর ব্যবহার করো না। কিন্তু ইছদীরা তাদের চরম চারিত্রিক বিকৃতি নিয়ে তা শিখেছিল খারাপ উদ্দেশ্যে এবং তার প্রয়োগও করতো নিকৃষ্টতম লক্ষ্যে। ফলে সেই উপকারী জ্ঞান তাদের কাছে যাত্র ও যাতুকরী বিদ্যায় পরিণত হলঃ আর এর প্রতি তারা এতই ঝুঁকে পড়ল যে, আল্লাহর কিতাবের সাথে তাদের আর কোন্যে সম্পর্কই রইল না। আর যাদের সাথে নামমাত্র সম্পর্ক ছিল, তাও শুধুমাত্র 'আমল ও তারীজ্ঞ পর্যায়ে সীমিত ছিল।

১৩৯. অর্থাৎ সেই বাজারে সব থেকে বেশী চাহিদা ছিল এমন জাত্ব-টোনার, যার সাহায্যে এক ব্যক্তি অন্য একজনের স্ত্রীকে তার স্বামীর কাছ থেকে বিচ্ছিন্ন করে নিজের প্রতি আকৃষ্ট করতে পারে। তাদের মধ্যে যে নৈতিক পতন দেখা দিয়েছিল এটি ছিল তার নিকৃষ্টতম পর্যায়।

وَلَوْ أَلَهُمْ آمَنُواْ واتَّقَوْا لَمَثُوبَةً مِّنْ عِندِ اللَّهَ خَيْرٌ لَّوْ كَانُواْ يَعْلَمُونَ

১০৩. আর যদি তারা ঈমান আনত এবং তাকওয়া অবলম্বন করত, তবে অবশ্যই আল্লাহর পক্ষ থেকে (তাদের জন্য) প্রতিদান উত্তম হত। যদি তারা জ্ঞানত।

يًا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَقُولُواْ رَاعِنَا وَقُولُواْ انظُرْنَا وَاسْمَعُوا وَلِلْكَافِرِينَ عَذَابُ أَلِيمُ ১০৪. হে মুমিনগণ, ১৪০ জেমরা 'রা'ইনা' বলো না; বরং বল, 'উনজুরনা' ১৪২ আর শোন, ১৪৩ কাফিরদের জন্য রয়েছে যক্তাদায়ক আযাব।

. ১৪০. এই আরাতটির মর্মার্থ বৃঝতে সংক্ষেপে সেই প্রেক্ষাপটটি সামনে রাখা দরকার যে, যখন নবী করীম সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম মক্কা থেকে হিযরত করে মদীনার আগমন করপেন এবং মদীনার চারপাশে ইসলামের আহবান ছড়িয়ে পড়তে লাগল, তখন ইহুদীরা স্থানে স্থানে মুসলমানদেরকে ধর্মীয় বিতর্কে জড়িয়ে তাদেরকে ব্যস্ত রাখার অপচেষ্টা অব্যাহত রাখল। তাদের উল্লেখযোগ্য বাধা–দানকারী কার্যক্রমগুলো ছিল্থ নিমন্ত্রপ:

- ক. তুচ্ছ ব্যাপারকে কেন্দ্র করে তুলকালাম কাণ্ড ঘটানো
- খ. গুরুত্বহীন বিষয়কে অধিক গুরুত্ব দিয়ে সৃক্ষাতিসূক্ষ্ম বিষয়ের অবতারণা করা
- গ. অপপ্রচারের মাধ্যমে নব্য মুমিনদের অস্তরে সন্দেহ–সংশয় সৃষ্টি করার চেষ্টা
- ঘ. প্রশ্নের উপর অনর্থক প্রশ্ন করে কুরআন ও মহানবী(সাল্লাল্লান্ছ আলাইহি ওয়াসাল্লাম)-এর বক্তব্যকে দূর্বোধ্য করে তোলা
- ত্ত. নবী(সা:)-র মজলিসে বসে প্রতারণামূলক কথাবার্তা বলে গোলযোগ সৃষ্টি করা এই রুকু হতে পরবর্তী রুকুগুলোতে মহানবী (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম)-এর অনুসারী তথা মুমিনদেরকে এসব অনিষ্টকর কাজ থেকে বিরত থাকতে বলা হয়েছে, যা তাদের বিরুদ্ধে ইহুদীরা করছিল। সেসব সন্দেহ-সংশয়ের জবাবও দেয়া হয়েছে, যেগুলো তারা মুসলমানদের অন্তরে সৃষ্টির চেষ্টা করছিল।
- ১৪১. এ শব্দটির অর্থ 'আমাদের একটু সুযোগ দিন'। কিন্তু ইছদীদের ভাষায় এর অর্থ 'শোনো, তুমি বধির হয়ে যাও'। ইছদীরা যখন মুসলমানদেরকে মহানবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের কথা ভাল করে বুঝে নেয়ার উদ্দেশে ব্যবহার করতে দেখল, তখন তারা এটাকে সুযোগ হিসেবে গণ্য করে তাদের ভাষায় ব্যবহৃত গালির অর্থে শব্দটিকে প্রয়োগ করতে লাগল। আবার কথনো বা তারা শব্দটি উচ্চারণ একটু টেনে 'রা–ঈয়ানা' (اراعية) ও বলার চেষ্টা করতে লাগল, যার অর্থ 'ওহে আমাদের রাখাল'। এর সবকিছুর মূল উদ্দেশ্য ছিল রাহমাতৃল্লিল আলামীন সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)কে তৃচ্ছজ্ঞন ও অপদন্ত করা। ইছদীদের এই ছলচাতৃরি বন্ধ করার জন্য আলাই তাআলা মুমিনদেরকে 'রাইনা' বর্জন করতে বললেন। এর একার্থবােধক শব্দ 'উনযুরনা' অর্থাৎ আমাদের প্রতি নজর দিন বলতে নির্দেশ দিলেন। শব্দ প্রয়োগের ক্ষেত্রে সাবধানতার বিষয়টি আমরা এ আয়াত থেকে বুব্ধতে পাচ্ছি।
- ১৪২. তাই মুমিনদেরকে যথায়র কুলুষমুক্ত শিষ্টাচার শিক্ষা দিয়ে নির্দেশ দেয়া হলো ঐ শব্দটি বলো না, বরং বলো 'উন্যুর্না'। যার অর্থ 'আমাদের প্রতি লক্ষ্য করন্দা' বা 'আমাদের প্রতি দৃষ্টি দিন' অথবা 'আমাদেরকে একটু বুঝতে দিন'।
- ১৪৩. কারণ মহানবী(সা:)-র আলোচনা শৈথিল্যের সাথে ওনার প্রশুই উঠে না, তাতে বরং কথা শোনার মাঝখানে সম্ভাবনা থাকে নিজেদের চিন্তাজালে বার বার জড়িয়ে পড়ার। ফলে ভূল বুঝার এবং প্রশ্নের পর প্রশ্ন করার অবকাশ সৃষ্টি হয়, যা প্রায়ই ঘটত ইছ্দীদের ক্ষেত্রে। তাই মুমিনদের

ব্যাপার সম্পূর্ণ ভিন্ন, তাদেরকে আলোর পথে চলার পাথেয় শুনতে হবে স্বতঃস্ফুর্ত আগ্রহ ও গভীর মনোযোগের সাথে, আর মানতে হবে খুশি মনে, তৃপ্তির সাথে।

مَّا يَوَدُّ الَّذِينَ كَفَرُواْ مِنْ أَهْلِ الْكِتَابِ وَلاَ الْمُشْرِكِينَ أَن يُنَزِّلَ عَلَيْكُم مِّنْ خَيْرٍ مِّن رَبَّكُمْ وَاللَّهُ يَخْتَصُّ بِرَحْمَتِهِ مَن يَشَاء وَاللَّهُ ذُو الْفَصْلِ الْعَظِيمِ

১০৫. আহঙ্গে কিতাব^{১৪৪} ও মুশরিকদের^{১৪৫} মধ্য থেকে যারা কুক্দরী করেছে, তারা চায় না যে, তোমাদের রবের পক্ষ থেকে তোমাদের উপর কোন কল্যাণ ন্যিল হোক। আর আল্লাহ যাকে ইচ্ছা তাকে তাঁর রহমত দ্বারা খাস করেন এবং আল্লাহ মহান অনুগ্রহের অধিকারী।

- ১৪৪. পূর্বে অবতীর্ণ আসমানী কিতাবসমূহের অনুসারী।
- ১৪৫. যারা আল্লাহর সাথে অন্যকাউকে শরীক করে অথবা আল্লাহর ইবাদতের সাথে অন্য কারও ইবাদত করে।

নী গৈনেই কুচ বি গৈনেই কুচ বি কিছুৱ উপর ক্ষমতাবান।

১৪৬. এখানে একটি বিশেষ সন্দেহের জবাব দেয়া হয়েছে, যা মুসলমানদের অন্তরে সৃষ্টির জন্য ইহুদীরা চেষ্টা চালাত। তাদের অভিযোগগুলো ছিল নিম্নরূপ:

- ক. পূর্ববর্তী কিতাবগুলো যদি আল্লাহর পক্ষ থেকে এসে থাকে এবং এ-কুরআনও তাঁর পক্ষ থেকেই এসে থাকে, তাহলে ঐ কিতাবগুলোর কিছু বিধানের ক্ষেত্রে এখানে ভিন্নতর নির্দেশনা দেয়া হয়েছে কেন?
- খ. একই আল্লাহর পক্ষ থেকে বিজিন্ন সময় বিভিন্ন বিধান কিজাবে আসতে পারে?
- গ, আবার কুরআন দাবি করছে যে, ইশুদী ও খৃষ্টানরা তাদেরকে দেয়া শিক্ষার কিছু অংশ ভুলে গেছে। অল্লাহণ্রদন্ত শিক্ষা হাফেজদের মন থেকে কি করে মুছে যেতে পারে?

হিদায়াত অনুসন্ধানের উদ্দেশ্যে নয় বরং আল–ক্রআন যে মহান আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ, এ

ব্যাপারে মুসলমানদের মনে সন্দেহ সৃষ্টির লক্ষ্যেই তারা এগুলো করতো। এর জবাবে মহান আল্লাহ বলছেন, তিনিই মালিক, তাঁর ক্ষমতা সীমাহীন, তিনি তাঁর যে নির্দেশকে ইচ্ছা রহিত করে দেন বা যে কোনো বিধানকে বিলুপ্ত করেন; কিন্তু যা তিনি রহিত বা বিলুপ্ত করেন, তার চেয়ে উওম অথবা কমপক্ষে সমতুল্য কল্যাণময় ও উপযোগী বিধান সেখানে স্থলাভিষিক্ত করেন। আর বিধান প্রদানে মূল লক্ষ্য হল আনুগত্বের পরীক্ষা নেয়া। তাই তিনি বিভিন্ন সময় বিভিন্ন বিধান দিয়ে বান্দাদেরকে পরীক্ষা করতে পারেন। এতে সন্দেহ করার কিছুই নেই।

ۣؿ؞ؘؿ**ڡٛڡٛڎٚڡؙڎؙڐؙڴڿڿڄڿڿڿ**

১০৭. তুমি কি জান না যে, নিশ্চয় আসমানসমূহ ও যখীনের রাজত্ব আল্লাহর। আর আল্লাহ ছাড়া তোমাদের কোন অভিভাবক ও সাহায্যকারী নেই।

১০৮. নাকি তোমরা চাও তোমাদের রাসৃলকে প্রশ্ন করতে, যেমন পূর্বে মৃসাকে প্রশ্ন করা হয়েছিল? ১৪৭ আর যে ঈমানকে কৃষ্ণরে পরিবর্তন করবে, সে নিশ্চয় সোজা পথবিচ্যুত হল।

১৪৭. আবু হ্রায়রা (রা:) থেকে বর্ণিত। তিনি বলেন, রাস্পুরাহ (সা:) সাহাবীদের উদ্দেশ্যে এক ভাষণে বললেন: 'নিশ্চয়ই অল্লাহ তআলা তোমাদের জন্য হজ্জ ফর্ম করেছেন'। তথন সে উপস্থিতি থেকে একজন (আকরা ইবনে হাবেস) দাঁড়িয়ে জিজ্ঞেস করলেন: 'হে আল্লাহর রাস্প (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম)! প্রতি বছরই কি হজ্জ ফর্ম'! রাস্প (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) তার কথার উত্তর না দিয়ে চুপ থাকলেন। এমনকি গোকটি তিনবার এ প্রশ্ন করণ। পরে নবী করীম (সা:) বললেন: 'আমি যদি 'ফ্রা' বলতাম তাহলে তোমাদের জন্য অবশাই প্রতি বছর হজ্জ ফর্ম হয়ে যেত। তথন তা তোমরা পালন করতে সক্ষম হতে না'। অতঃপর রাস্পুল্লাহ (সা:) বললেন: 'আমি যতক্ষন কিছু না বলি, ততক্ষন তোমরাও আমাকে কিছু জিজ্ঞেস করো না। অতিরিক্ত প্রশ্ন করে শরীয়তকে কঠিন করো না। তোমাদের পূর্ববর্তী জাতিরাও এভাবে তাদের নবীদেরকে অধিক প্রশ্ন করে এবং সে ব্যাপারে নিজেরা মতনৈক্য করে ধ্বংস হয়েছে। সুতরাং যখন

আমি তোমাদেরকে কিছু করার নির্দেশ দেই, সাধ্যানুসারে তা পালন করো; আর যখন কিছু থেকে বিরত থাকতে বলি, তা তোমরা পরিত্যাগ করো'। (সহীহ মুসলিম)

রাসূলুল্লাহ (সা:) বলেছেন: 'মুসলমানদের মধ্যে সবচেয়ে বড় অপরাধী ঐ ব্যক্তি, যে এমন জিনিস সম্পর্কে প্রশ্ন করল যা হারাম ছিল না, কিন্তু তার প্রশ্নের কারণে তা হারাম হয়ে গেল'। রাসূল (সা:) আরো বলেন: 'তোমরা বাজে কথা, সম্পদ বিনষ্ট করা এবং বেশী প্রশ্ন করা থেকে বিরত থাকো'। (সহীহ আল–বুখারী)

১৪৮. বিরোধীদের হিংসা–বিষেশ দেখে মুমিন ব্যক্তিরা উপ্তেক্তিত হয়ে পড়বে না, জরসাম্য হারিয়ে ফেলবে না। ধৈর্য্যের সাথে আল্লাহর স্মরণ, তাঁর উপর তাওয়াকুল (ভরসা) ও সংকর্মে তংপর থাকবে। বিরোধীদের কথায় উৎক্রন্তিত না হয়ে তা বরং এড়িয়ে যাবে।

মহান আল্লাহ বঙ্গেন:

(নিশ্চয় তারা ভীষণ কৌশল করছে। আর আমিও ভীষণ কৌশল করছি। অভএব কাফিরদেরকে কিছুটা অবকাশ দাও, কিছু সময়ের আদেরকে অবকাশ দাও। (দেখুন: সূরা আভ–তারিক, আয়াত ১৫–১৭)

وَأَقِيمُواْ الصَّلاَةَ وَآثُواْ الزَّكَاةَ وَمَا تُقَدِّمُواْ لأَنفُسِكُم مِّنْ خَيْرٍ تَجِدُوهُ عِندَ اللهِ إِنَّ اللهَ بِمَا تَعْمَلُونَ بَصِيرُ

১১০. আর তোমরা সালাত কায়েম কর ও যাকাত দাও এবং যে নেক আমল তোমরা নিজদের জন্য আগে পাঠাবে, তা আল্লাহর নিকট পাবে। ১৪৯ তোমরা যা করছ নিশ্চয় আল্লাহ তার সম্যক দ্রস্তা। ১৪৯. পরকালের প্রস্তুতি সম্পর্কে আরো পড়তে ক্লিক করুন নিমের দুটি লিংক: http://www.islamhouse.com/p/41497
http://www.islamhouse.com/p/8\89৮
http://www.islamhouse.com/p/8\89৮
وَقَالُواْ لَن يَدْخُلَ الْجُنَّةَ إِلاَّ مَن كَانَ هُوداً أَوْ نَصَارَى تِلْكَ أَمَانِيَّهُمْ قُلُ هَاتُواْ بُرْهَانَكُمْ إِن كُنتُمْ صَادِقِينَ

১১১. আর তারা বলে, ইয়াহূদী কিংবা নাসারা ছাড়া অন্য কেউ জান্নাতে প্রবেশ করবে না। এটা তাদের মিথ্যা আশা। ^{১৫০} বল, 'তোমরা তোমাদের প্রমাণ নিয়ে আস, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক'।

১৫০. এটি মুসলমানদেরকে বিদ্রান্ত করার জন্য ইছদী ও খৃষ্টানদের আরেকটি প্ররোচনা। তাদের বক্তব্য হচ্ছে যে, নাজাত তথা পরকালে মুক্তির পথ হল ইছদী অথবা খৃষ্টান ধর্ম গ্রহণ করা। তাদের দাবি অনুযায়ী এ দু'টিই আল্লাহ–প্রদন্ত এবং তা বিদ্যমান থাকা অবস্থায় নতুন কোনো জীবন–ব্যবস্থার প্রয়োজন নেই।

এখানে লক্ষনীয় যে, তারা পরস্পর চরম শত্রুহওয়া সত্ত্বেও ইসলামের বিরোধীতায় তারা ঐক্যবদ্ধ, যা মুসলমানদের বিরোধীদের চিরাচরিত বৈশিষ্ট্য।

بَلَى مَنْ أَسْلَمَ وَجُهَهُ لِلْهِ وَهُوَ مُحُسِنٌ فَلَهُ أَجُرُهُ عِندَ رَبِّهِ وَلاَ خَوْفَ عَلَيْهِمْ وَلاَ هُمْ يَحُرُنُونَ ১১২. হাাঁ, যে নিজকে আল্লাহর কাছে সোপর্দ করেছে এবং সে সংকর্মশীলও, তবে তার জন্য রয়েছে তার রবের নিকট প্রতিদান। আর তাদের কোন ভয় নেই এবং তারা সুঃখিতও হবে না। ১৫১

১৫১. অর্থাৎ পরকালে মৃক্তি ও জাল্লাত প্রান্তির জন্য ইহুদী বা খৃষ্টান নয়, বরং প্রকৃত অর্থে আল্লাহর জন্য হতে হবে সমর্শিত, মুসলিম। সাথে থাকতে হবে ইহুসান অর্থাৎ:

- ক. পূর্ণ নিষ্ঠা, সততা ও মহান আল্লাহর ভয় এবং আশা বুকে ধারণ করে শরিয়তের বিধিনিষেধ পালনে সচেষ্ট হওয়া।
- ব. পোক–দেখানো কোনো উদ্দেশ্যে নয়, বরং গুধুমাত্র আল্লাহর সম্ভষ্টি অর্জনের পক্ষোই কেবল ইবাদত–বন্দেগী আদায় করা।
- গ. প্রিয়নবী মৃহাম্মাদ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের প্রদর্শিত সুন্নাহ অনুসরণ করে সকল কর্ম যথার্থরূপে সম্পাদন করা।

যারা এভাবে ইবাদাত ও আনুগত্যের জীবনধারা গড়ে তুলবে, তাদের জন্য তাদের প্রতিপালকের কাছে রয়েছে নিশ্চিত প্রতিদান। তাদের কোনো শঙ্কা বা ভয়ের কারণ নেই। মহান আল্লাহ বলেন:

(নিশ্চয় যারা বলে, ' আল্লাহই আমাদের রব অতঃপর অবিচল থাকে, ফেরেশতারা তাদের কাছে নাযিল হয় (এবং বলে,) 'তোমরা ভয় পেয়ো না, তুশ্চিঞ্জা করো না এবং সেই জাল্লাতের সূসংবাদ গ্রহণ কর তোমাদেরকে যার ওয়াদা দেয়া হয়েছিল।

আমরা তুনিয়ার জীবনে তোমাদের বন্ধু এবং অধিরাতেও। সেখানে তোমাদের জন্য থাকবে যা তোমাদের মন চাইবে এবং সেখানে তোমাদের জন্য আরো থাকবে যা তোমরা দাবি করবে।)

(দেখুন: সূরা হা–মীম আস–সাজ্দাহ, আয়াত ৩০–৩১)

وَقَالَتِ الْيَهُودُ لَيْسَتِ النَّصَارَى عَلَى شَيْءٍ وَقَالَتِ النَّصَارَى لَيْسَتِ الْيَهُودُ عَلَى شَيْءٍ وَهُمْ يَتْلُونَ الْكِتَابَ كَذَلِكَ قَالَ الَّذِينَ لاَ يَعْلَمُونَ مِثْلَ قَوْلِهِمْ فَاللهُ يَحْكُمْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيَامَةِ فِيمَا كَانُواْ فِيهِ يَخْتَلِفُونَ

১১৩. আর ইয়াহ্দীরা বলে, 'নাসারাদের কোন ভিত্তিনেই' এবং নাসারারা বলে 'ইয়াহ্দীদের কোন ভিত্তিনেই'। অথচ তারা কিতাব পাঠ করে। এভাবেই, যারা কিছু জানে না, ^{১৫২} তারা তাদের কথার মত কথা বলে। সুতরাং আল্লাহ কিয়ামত দিনে যে বিষয়ে তারা মতবিরোধ করত সে বিষয়ে তাদের মধ্যে ফয়সালা করবেন।

১৫২. মুশরিক (অংশীবাদী) ও নাস্তিকেরা।

وَمَنْ أَظْلَمُ مِنَّن مَّنَعَ مَسَاجِدَ اللهِ أَن يُذَكّرَ فِيهَا اسْمُهُ وَسَعَى فِي خَرَابِهَا أُوْلَـ ثِكَ مَا كَانَ لَهُمْ أَن يَدْخُلُوهَا إِلاَّ خَآئِفِينَ لِهُمْ فِي الدُّلْيَا خِزْيُّ وَلَهُمْ فِي الآخِرَةِ عَدْابٌ عَظِيمٌ

১১৪. আর তার চেয়ে অধিক যাপেম কে, যে অক্সাহর মাসঞ্জিদসমূহে তাঁর নাম শ্মরণ করা থেকে বাধা প্রদান করে এবং তা বিরাণ করতে চেষ্টা করে? তাদের তো উচিৎ ছিল জীত হয়ে তাতে প্রবেশ করা।^{১৫৩} তাদের জন্য তুনিয়ায় রয়েছে লাঞ্ছ্না আর অখিরাতে তাদের জন্য রয়েছে মহাআযাব। ১৫৩. ইবাদাজগৃহগুলো কখনো যালেম (অধিকার হরণকারী)-দের কর্তৃত্ব ও পরিচালনাধীনে থাকতে পারে না। বরং ঐ বিশেষ দীনী প্রতিষ্ঠানগুলোর রক্ষণাবেক্ষণ ও শাসন-কর্তৃত্বে থাকতে হবে এমন সব লোক, যারা মহান আল্লাহকে ভয় করে এবং সর্বোভভাবে তাঁর প্রতি অনুগত। তাহলে দৃষ্কৃতিকারীরা সেখানে উপস্থিত হলেও দৃষ্কর্ম করার সাহস পাবে না। কারণ তারা জানবে, সেখানে গিয়ে কোনো যুসুমের কাজ করলে তাদের শান্তি পেতে হবে।

মহান আল্লাহ আল-কুরআনের অপর স্থানে বলেন:

(মুশরিকদের অধিকার নেই যে, তারা আল্লাহর মসজিদসমূহ আবাদ করবে, নিজদের উপর কুফরীর সাক্ষ্য দেয়া অবস্থায়। এদেরই আমলসমূহ বরবাদ হয়েছে এবং আগুনেই তারা স্থায়ী হবে।) (দেখুন: স্রা আত্-তাওবা: ১৭–১৮)

১৫৪. এ আয়াতটি 'কিবলা পরিবর্তন' তথা বায়তুল মুকাদাস থেকে বায়তুলাহ (কাবা শরীফ)-এর দিকে কিবলা পরিবর্তনের পর অবতীর্ণ হয়। মহানবী সাল্লাল্লান্ড আলাইহি ওয়াসাল্লাম মদীনায় হিয়রতের ১৬/১৭ মাস পর এই নির্দেশ দেয়া হয় এভাবে:

(আকাশের দিকে বার বার তোমার মুখ ফিরানো আমি অবশ্যই দেখছি। এতএব আমি অবশ্যই তোমাকে এমন কিবলার দিকে ফিরাব, যা তুমি পছন্দ কর। সূতরাং তোমরা চেহারা মাসজিত্বল হারামের দিকে ফিরাও এবং তোমরা যেখানেই থাক, তার দিকেই তোমাদের চেহারা ফিরাও। আর নিশ্চয় যারা কিতাবপ্রাপ্ত হয়েছে, তারা অবশ্যই জানে যে, তা তাদের রবের পক্ষ থেক সত্য এবং তারা যা করে, সে ব্যাপারে আল্লাহ গাফিল নন।)
(দেখুন: সূরা আল–বাকারা: ১৪৪)

কিবলা পরিবর্তনের এ ব্যাপারটিকে নিয়ে বিরোধী—অবিশ্বাসীরা যে বিস্তান্তি সৃষ্টির চেষ্টা করছিল, তার জবাবে এই আয়াতটি অবতীর্ণ হয়। (আরো জানতে দেখুন – সূরা আল–বাকারা: ১৪২, ১৪৫; সূরা আলে–ইমরান: ৯৬–৯৭; সূরা আল–মায়েদা: ৯৭)

১৫৫. অর্থাৎ মহান আল্লাহ সব দিব্ধ ও স্থানের মালিক। কান্ডেই তাঁর নির্দেশ মতো যে কোনো দিকে মুখ করে ইবাদাত করলে তাঁর উদ্দেশেই ইবাদত সমর্পিত হবে। ১৫৬. অর্থাৎ মহান আল্লাহ সীমাবদ্ধতা থেকে মুক্ত, তিনি অসীম, অনন্ত। কোনো কোনো বিদ্রান্ত
মানুষ তাঁকে নিজেদের মত ভেবে থাকতে পারে! কিন্তু সর্বশক্তিমান আল্লাহর কর্তৃত্ব বিশাল ও
বিস্তৃত এবং তাঁর অনুগ্রহ দানের ক্ষেত্র অত্যন্ত ব্যাপক। তাঁর কোনো বান্দা কোথায় কোন সময় কি
উদ্দেশ্যে তাঁকে স্মরণ করছে, তা তিনি সার্বক্ষণিকভাবে জানেন।

وَقَالُواْ الْخَذَ اللَّهُ وَلَدًا سُبُحَانَهُ بَلِ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَالأَرْضِ كُلُّ لَهُ قَانِتُونَ ১১৬. আর তারা বলে, অল্লাহ সন্তান গ্রহণ করেছেন। তিনি পবিত্র মহান; ^{১৫৭} বরং আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে তা তাঁরই। সব তারই অনুগত।

১৫৭. আব্দুপ্লাহ ইবনে আব্বাস রাদিয়াপ্লান্থ আনন্থ নবী করীম সাপ্লাপ্লান্থ আলাইহি ওয়াসাপ্লাম থেকে বর্ণনা করেছেন। তিনি নেবী (সাপ্লাপ্লান্থ আলাইহি ওয়াসাপ্লাম)) বলেছেন, মহান আপ্লাহ বলেন: মানুষ আমাকে মিধ্যা প্রতিপন্ন করে, অথচ তাদের জন্য এটা উচিত নয়। আর মানুষ আমাকে গালি দেয়, অথচ এটা তার জন্য উচিত নয়। তাদের আমাকে মিধ্যা প্রতিপন্ন করার অর্থ হলো, তারা বলে, আমি তাদেরকে (মৃত্যুর পরে) জীবিত করে অপের মত করতে সক্ষম নই। আর তাদের আমাকে গালি দেয়া হলো, তারা বলে যে, আমার পুত্র আছে। অথচ ব্রী বা সম্ভান রাধার মত বিষয় থেকে আমি পবিত্র।

(দেখুন: সহীহ আল-বুখারী, ৪র্থ খন্ড, হাদীস নং-৪১২৪)

بَدِيعُ السَّمَاوَاتِ وَالأَرْضِ وَإِذَا قَضَى أَمْراً فَإِثَمَا يَقُولُ لَهُ كُن فَيَكُونُ كام بالسَّمَاوَاتِ وَالأَرْضِ وَإِذَا قَضَى أَمْراً فَإِثَمَا يَقُولُ لَهُ كُن فَيَكُونُ كام بالكام الكام الكا

وَقَالَ الَّذِينَ لاَ يَعْلَمُونَ لَوْلاَ يُكَلِّمُنَا اللهُ أَوْ تَأْتِينَا آيَةٌ كَذَلِكَ قَالَ الَّذِينَ مِن قَبْلِهِم مُثُلُ قَوْلِهِمْ تَشَابَهَتْ قُلُوبُهُمْ قَدْ بَيَنَا الآيَاتِ لِقَوْمٍ يُوقِئُونَ

১১৮. আর যারা জ্ঞানে না, তারা বলে, 'কেন আল্লাহ আমাদের সাথে কথা বলেন না কিংবা আমাদের কাছে কোন নিদর্শন আসে না'? ^{১৫৮} এভাবেই, যারা ভাদের পূর্বে ছিল তারা ভাদের কথার মত কথা বলেছে। ^{১৫৯} তাদের অন্তরসমূহ একই রকম হয়ে গিয়েছে। আমি তো আয়াতসমূহ সুস্পষ্ট করে দিয়েছি এমন কওমের জন্য, যারা দৃঢ় বিশ্বাস রাখে। ^{১৬০} ১৫৮. এখানে পথভ্রষ্টদের তৃটি অভিযোগ:

- ক. আল্লাহ নিজে এসে তাদের সাথে কথা বলেন না কেন?
- খ. তাদের কাছে কোনো নিদর্শন (sign) আসে না কেন?

১৫৯. অর্থাৎ আজকের পথভ্রম্ভরা কোনো নতুন অভিযোগ বা দাবি উত্থাপন করেনি, যা এর আগের বিরোধীরা করেনি। প্রাচীন যুগ থেকে আজ পর্যন্ত পথভ্রম্ভতার স্বরূপ ও প্রকৃতি অপরিবর্তিত রয়েছে। বার বার একই ধরনের সংশয়, সন্দেহ, অভিযোগ, দাবি ও প্রশ্নের পুনরাবৃত্তিই তারা করে চলছে। ১৬০. প্রথম অভিযোগটি এতো বেশী অর্থহীন যে, তার জবাব দেয়া অপ্রয়োজনীয়। এখানে শুধূ দ্বিতীয় প্রশ্নটির জবাবে বলা হয়েছে, নিদর্শন তো রয়েছে অগণিত, কিন্তু যে মানতেই চায় না, প্রকৃতিগত বক্রতা যাকে গ্রাস করে নিয়েছে, পরম সত্যের প্রতি বিশ্বাস করাকে যে সয়তে পাশ কাটিয়ে যেতে সদা তৎপর, তারই মুখে একথা মানারা

إِنَّا أَرْسَلْنَاكَ بِالْحُقِّ بَشِيرًا وَنَذِيرًا وَلاَ تُسْأَلُ عَنْ أَصْحَابِ الْجَجِيمِ

১১৯. নিশ্চয় আমি তোমাকে প্রেরণ করেছি সত্যসহ, সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে^{১৬১} এবং তোমাকে আন্তনের অধিবাসীদের সম্পর্কে প্রশ্ন করা হবে না। ^{১৬২}

১৬১. অর্থাৎ অসংখ্য নিদর্শনের মধ্যে এক অন্যতম ও উচ্চ্বল প্রতীক হচ্ছেন স্বয়ং মুহাম্মাদুর রাস্পুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম, তাঁর জীবন ও তাঁর ব্যক্তিত্। যে দেশ ও জাতিতে তাঁর জন্ম হয়েছিল তার তৎকালীন অবস্থা, যেভাবে তিনি প্রতিপালিত হন, তাঁর ৪০ বছরের নবুয়তপূর্ব জীবনযাপন এবং নবী হবার পরে তিনি যে মহান, বিশ্বয়কর ও যুগান্তকারী কার্যাবলি সম্পাদন করেন, এসব কিছুই মানুষের জন্য সুস্পষ্ট নিদর্শন।

১৬২, আল্লাহ রাব্রুল আলামীন আল–কুরআনের অপর স্থানে আরো বলেন:

وَلَن تَرْضَى عَنكَ الْيَهُودُ وَلاَ النَّصَارَى حَتَّى تَتَبِعَ مِلْتَهُمْ قُلْ إِنَّ هُدَى اللهِ هُوَ الْهُدَى وَلَيْنِ اتَّبَعْتَ أَهْوَاءهُم بَعْدَ الَّذِي جَاءكَ مِنَ الْعِلْمِ مَا لَكَ مِنَ اللهِ مِن وَلِيَّ وَلاَ نَصِيرٍ

১২০. আর ইয়াহুদী ও নাসারারা কখনো তোমার প্রতি সম্ভষ্ট হবে না, যতক্ষণ না তুমি তাদের মিল্লাতের অনুসরণ কর। ১৬০। বল, 'নিশ্চয় আল্লাহর হিদায়াতই হিদায়াত' আর যদি তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ কর তোমার কাছে যে জ্ঞান এসেছে তার পর, তাহলে আল্লাহর বিপরীতে তোমার কোন অভিভাবক ও সাহায্যকারী থাকবে না। ১৬৩. তাদের অসম্ভব্তির কারণ এ নয় যে, ইহুদী ও খৃষ্টানরা যথার্থই সত্যসন্ধানী, অথচ নবী সা: প্রকৃত সত্যকে তাদের সামনে সুস্পষ্ট করে তুলে ধরতে পারেন নিয় বরং তাঁর প্রতি তাদের অসম্ভব্তি এজন্য যে, তারা তাদের ধর্মকে ইচ্ছেমত বিকৃতির মাধ্যমে মুনাকেকী করে যেভাবে লাভবান হয়ে আসহিল; যেভাবে ছল—চাতুরী, প্রতারণা এবং অন্তঃসারশূন্য স্বেচ্ছাচারী প্রদর্শনী মূলক কর্মকাগুকে ধর্ম হিসেবে চালিয়ে আসহিল, মহানবী সাল্লাল্লান্থ আলাহি ওয়াসাল্লাম নব্য়তের দায়িত্ব পালন করতে গিয়ে তাদের স্বে ভ্রন্ততাগুলোকে উন্মোচন করেন, যাতে তাদের জীষন স্বার্থহানী ঘটে, এবং তাদেরকে সর্বশেষ আসমানী কিতাব তথা আল—কুরআনের অনুসারী হবার আহ্বান জানান, যার সবই তাদের জন্য ছিল চরম অসহনীয়।

الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَتْلُونَهُ حَقَّ تِلاَوَتِهِ أُوْلَـئِكَ يُؤْمِنُونَ بِهِ وَمِن يَكُفُرُ بِهِ فَأُوْلَـئِكَ هُمُ الْحَاسِرُونَ

১২১. যাদেরকে আমি কিতাব দিয়েছি, তারা তা পাঠ করে যথার্থভাবে। তারাই তার প্রতি ঈমান আনে। ^{১৬৪} আর যে তা অস্বীকার করে, তারাই ক্ষতিগ্রস্ত।

১৬৪. এখানে আহলে কিতাবদের অন্তর্গত কিছু সংলোকদের প্রতি ইন্সিত করা হয়েছে। তারা সততা ও দায়িতৃশীলতার সাথে আল্লাহর কিতাব পড়ে। তাই আল্লাহর কিতাবের দৃষ্টিতে যা সত্য তাকেই তারা সঠিক বলে মেনে নেয়।

يَا بَنِي إِسْرَائِيلَ اذْكُرُواْ نِعْمَتِيَ الَّتِي أَنْعَنْتُ عَلَيْتُمْ وَأَنِّي فَضَلْتُكُمْ عَلَى الْعَالَمِينَ ১২২. হে বনী ইসরাউল, ^{১৬৫} ভোমরা আমার নিআমতকে স্মরণ কর, যা আমি তোমাদেরকে দিয়েছি। আর নিশ্চয় আমি ভোমাদেরকে শ্রেষ্ঠতু দিয়েছি সৃষ্টিকুলের উপর।

১৬৫. বিগত ৫৬–১২১ আয়াতমালায় মহান আল্লাহ তা'লা বনী ইসরাঈলকে সম্বোধন করে তাদের ঐতিহাসিক অপরাধসমূহ এবং আল–কুরআন নাযিল হবার সময়ে তাদের যে অবস্থা ছিল, তা পর্যায়ক্রমে বর্ণনা করেছেন। এখান থেকে আরেকটি ধারাবাহিক বক্তব্য শুরু হচ্ছে, যা সঠিকভাবে অনুধাবন করতে হলে নিম্নবর্ণিত বিষয়গুলো মনে রাখতে হবে:

এক, নূহ আলাইহিসসালামের এর পরে ইবরাহীম আলাইহিসসাল প্রথম নবী ছিলেন। মহান আল্লাহ তাঁকে ইসলামের শাশুত আহবান ছড়িয়ে দেয়ার দায়িত্বে নিযুক্ত করেছিলেন। প্রথমে তিনি নিজে স্বশরীরে ইরাক থেকে মিশর পর্যন্ত এবং সিরিয়া ও ফিলিন্ডীন থেকে নিয়ে আরবের মরু অঞ্চলের বিভিন্ন স্থান পর্যন্ত বছরের পর বছর সফর করে মানুষকে আল্লাহর আনুগত্যের তথা ইসলামের দিকে আহবান করতে থ্যকেন। এরপর এ মিশন সর্বত্র পৌছে দেয়ার লক্ষ্যে বিভিন্ন স্থানে প্রতিনিধি নিযুক্ত করেন। পূর্ব জর্দানে নিজের ভ্রাতৃম্পুত্র পূত্ত আ:কে নিযুক্ত করেন। সিরিয়া ও ফিলিন্ডীনে নিযুক্ত করেন নিজের পুত্র ইসহাক আ:কে এবং আরবের অভ্যন্তরে নিযুক্ত করেন নিজের বড় পুত্র হযরত ইসমাঈল আ:কে। তারপর মহান আল্লাহর নির্দেশে মঞ্চায় কাবাগৃহ নির্মাণ করেন এবং আল্লাহর আদেশ অনুযায়ী এটিকেই এই মিশনের কেন্দ্র গণ্য করেন।

তুই. ইবরাহীম আ:এর বংশধারা তুটি বড় বড় শাখায় বিভক্ত হয়। একটি হলো ইসমাঈল আ:এর সন্তান-সন্ততিবর্গ। তাঁরা আরবে বসবাস করতেন। কুরাইশ ও আরবের আরো কতিপয় গোত্র এ ধারারই অন্তর্ভুক্ত ছিল। আর যেসব আরব গোত্র ইসমাঈল আ:এর বংশধারাভুক্ত ছিল না তারাও তাঁর প্রচারিত ধর্মে কমবেশী প্রভাবিত ছিল বলে তাঁর সাথেই নিজেদের সম্পর্ক জুড়তো। বিতীয় শাখাটি ইসহাক আ:এর সন্তানবর্গের। এই শাখায় ইয়াকুব আ:, ইউসুফ আ:, মৃসা আ:, দাউদ আ:, সুলাইমান আ:, ইয়াহ্ইয়া আ:, ইসা আ: প্রমুখ অসংখ্য নবী জন্মগ্রহণ করেন। ইতিপূর্বেই আমরা জেনেছি, যেহেতু ইয়াকুব আ:এর আরেক নাম ছিল 'ইসরাঈল', তাই তাঁর বংশ বনী ইসরাঈল (ইসরাঈল প্রজন্ম) নামে পরিচিত হয়।

তিন, ইবরাষ্ট্রীম আ:এর প্রধান কাজ ছিল তাওয়ীদী আদর্শের গোড়াপন্তন করা। তাওয়দাশ্রিত জনগোষ্ঠী গড়ে তোলা যারা একনিষ্ঠ হয়ে আল্লাহর ইবাদত চর্চার পাশাপাশি অন্যদেরকেও আল্লাহপ্রদত্ত দীন ৰ আদর্শের প্রতি আহ্বান করবে। এই মহান ও বিরাট কর্মকান্তের প্রেক্ষিতেই তাঁকে তাওয়ীদী জনতার পিতা হিসেবে অভিষিক্ত করা হয়। তারপর তাঁর বংশধারা থেকে যে শাখাটি বের হয়ে ইসহাক আ: ও ইয়াকুব আ:এর নামে অগ্রসর হয়ে 'বনী ইসরাঈল' নাম ধারণ করে সেই শাখাটি তাঁর এ দায়িত্বের উত্তরাধিকার লাভ করে। এই শাখায় নবীদের জন্ম হতে থাকে এবং তাঁদেরকে সত্য–সঠিক পথের জ্ঞানদান করা হয়। বিশ্বের জ্ঞাতিসমূহকে সত্য–সঠিক পথের সন্ধান দেয়ার উদ্দেশে বনী ইসরাইলকে গঠন করার কার্যক্রম চালু থাকে। তবে দুঃখের ব্যাপার হল বনী ইসরাঈলের লোকেরা নিজেরাই তাওয়ীদ ও তাওয়ীদী আদর্শের উপর প্রতিষ্ঠিত থাকার ব্যাপারে ব্যর্থতার পরিচয় দিয়েছে। যার ফলে আল্লাহ তাআলা বনী ইসরাঈলের সাথে তার অলীকার কর্তন করেন। এবং বনী ইসমাঈল (ইসমাঈল বংশধারায়) এ দায়িত্ব অর্পন করেন। তাওয়ীদ চর্চা ও বিশ্বময় তাহীদী আদর্শ প্রচারের জন্য যেসব যোগ্যতার প্রয়োজন বনী ইসমাঈলকে আরবের বিরান ভূমিতে রেখে সেসব যোগ্যতা অর্জনের জন্য আল্লাহ তাআলা ব্যবস্থা করেন।

নিচের আয়াতগুলোতে ইব্রাহীম আলাইসি সালামের তাওহীদ চর্চা, তাওহীদ প্রচার এবং খানায় কাবা পূনরনির্মাণ, পূনরনির্মাণের লক্ষ্য উদ্দেশ্য ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়েছে।

وَاتَّقُواْ يَوْماً لاَ تَجْزِي نَفْسُ عَن تَفْسِ شَيْئاً وَلاَ يُقْبَلُ مِنْهَا عَنْلُ وَلاَ تَنفَعُهَا شَفَاعَةُ وَلاَ هُمْ يُنصَرُونَ

১২৩. আর তোমরা ভয় কর সেদিনকে, বেদিন কেউ কারো কোন কাজে আসবে না। এবং কোন ব্যক্তি থেকে বিনিময় গ্রহণ করা হবে না আর কোন সুপারিশ তার উপকারে আসবে না এবং তারা সাহায্যপ্রাপ্তও হবে না।

وَإِذِ ابْتَلَى إِبْرَاهِيمَ رَبُّهُ بِكَلِمَاتٍ فَأَتَمَّهُنَّ قَالَ إِنَّى جَاعِلُكَ لِلنَّاسِ إِمَامًا قَالَ وَمِن دُرِّيَّتِي قَالَ لاَ يَنَالُ عَهْدِي الظَّالِمِينَ

১২৪. আর স্মরণ কর, যখন ইবরাহীমকে তার রব করেকটি বাণী দিয়ে পরীক্ষা করলেন, ১৬৬ অতঃপর সে তা পূর্ণ করল। তিনি বললেন, 'আমি তোমাকে মানুষের জন্য নেতা বানাব'। সে বলল, 'আমার বংশধরদের থেকেও'? তিনি বললেন, 'যালিমরা আমার ওয়াদাপ্রাপ্ত হয় না'।১৬৭

১৬৬. যেসব কঠিন পরীক্ষার মধ্য দিয়ে অগ্রসর হয়ে ইবরাহীম আলাইহিস সালাম তাঁকে বিশ্বমানবতার নেতৃত্বের পদে অধিষ্ঠিত করার যোগ্য প্রমাণিত করেছিলেন ক্রআন মজীদের বিভিন্ন স্থানে সেগুলোর বিস্তারিত বিবরণ এসেছে। সত্যের আলো তাঁর সামনে সুস্পষ্টরূপে প্রতিভাত হবার পর থেকে মৃত্যু পর্যন্ত তাঁর সমগ্র জীবন ছিল কুরবানী আর ত্যাগের মূর্ত প্রতীক। দুনিয়ার যা কিছুকে মানুষ ভালোবাসতে পারে, এমন প্রতিটি বস্তুকে ইবরাহীম আলাইহিস সালাম মহান আল্লাহর নির্দেশ মোতাবেক সত্যের জন্য কুরবানী করেছিলেন। দুনিয়ার যে সব বিপদকে মানুষ ভয় করে, সত্যের খাতিরে তার প্রত্যেকটিকে তিনি বরণ করে নিয়েছিলেন।

১৬৭. অর্থাৎ এ অঙ্গীকারটি ইবরাহীম আ:এর সম্ভানদের কেবলমাত্র সেই অংশটির সাথে সম্পর্কিত যারা সদাচারী, সত্যনিষ্ঠ ও সংকর্মশীল। তাদের মধ্য থেকে যারা যালিম (অধিকার হরণকারী ও সীমালজ্ঞনকারী), তাদের জন্য এ অঙ্গীকার নয়। এ থেকে সুস্পষ্ট হয়ে যায় যে, পথগ্রন্থ ইহুদীরা ও মুশরিক বনী ইসরাঈলরা এ অঙ্গীকারের আওতায় পড়ে না।

وَإِذْ جَعَلْنَا الْبَيْتَ مَثَابَةً لَلنَّاسِ وَأَمْناً وَاتَّخِذُواْ مِن مَقَامِ إِبْرَاهِيمَ مُصَلَّى وَعَهِدُنَا إِلَى إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ أَن طَهْرَا بَيْتِيَ لِلطَّائِفِينَ وَالْعَاكِفِينَ وَالرُّكَعِ السُّجُودِ

১২৫. আর শ্মরণ কর, যখন আমি কাবাকে মানুষের জন্য মিলনকেন্দ্র ও নিরাপদ স্থান বানালাম^{১৬৮} এবং (আদেশ দিলাম যে,) 'তোমরা মাকামে ইবরাহীমকে সালাতের স্থানরূপে গ্রহণ কর'। ^{১৬৯} আর আমি ইবরাহীম ও ইসমাঈলকে দায়িত দিয়েছিলাম যে, 'তোমরা আমার গৃহকে তাওয়াফকারী, 'ইতিকাফকারী ও ক্লকুকারী–সিজদাকারীদের জন্য পবিত্র কর'। ১৭০

১৬৯. মাকামে ইবরাহীম সে—ই জাল্লাতী পাধর, যার উপর দাঁড়িয়ে ইবরাহীম আ: কাবা ঘর নির্মাণ করেছিলেন। জাবের বিন আব্দুল্লাহ রা: থেকে বর্ণিত এক দীর্ঘ হাদীসের এক পর্যায়ে তিনি বলেন: যখন মহানবী মুহাম্মাতুর রাসূপুল্লাহ সাল্লাল্লাহ আলাহি ওয়সাল্লাম তাওয়াফ শেষ করেন, তখন উমর রা: তাঁকে জিজ্ঞেস করেন: এটা কি আমাদের পিতার (হযরত ইবরাহীম আ:এর) মাকাম? তিনি জবাবে বলেন: হাঁ। তারপর উমর রা: আবার জিজ্ঞেস করেন: আমরা কি এখানে নামায পড়বো না? তখন আল—কুরআনের এই আয়াতটি নাযিল হয়:

وَاتَّخِدُواْ مِن مَّقَامِ إِبْرَاهِيمَ مُصَلِّي

তোমরা মাকামে ইবরাহীমকে নামাযের স্থান বানিয়ে নাও।

আনাস বিন মালেক রা: থেকে বর্ণিত। উমর রা: বলেন, আমি তিন বিষয়ে আমার রবের সাথে কিংবা আমার রব তিন বিষয়ে আমার সাথে একমত হয়েছেন। এর একটি হচ্ছে, আমি বললাম: 'ইয়া রাসূলুল্লাহ সা:! আপনি যদি মাকামে ইবরাহীমে নাম্যয পড়তেন'! তখন ঐ আয়াতটি নাযিল হয় যে, 'তোমরা মাকামে ইবরাহীমকে নামাযের স্থান বানিয়ে নাও। এটি একটি বড় হাদীসের অংশবিশেষ।

(দেখুন: সহীহ আল-বুখারী, ৪র্থ খন্ড, হাদীস নং-৪১২৫)

১৭০. পাক-পবিত্র রাখার অর্থ শুধু ময়লা-আবর্জনা থেকে পরিকার রাখা নয়। আল্লাহর ঘরের আসল পবিত্রতা হলো, সেখানে আল্লাহর ছাড়া আর কারোর নাম উচ্চারিত হবে না। যে ব্যক্তি আল্লাহর ঘরে বসে আল্লাহ ছাড়া আর কাউকে মালিক, প্রন্তু, মা'বুদ, অভাবপূরণকারী বা ফরিয়াদ শ্রবণকারী হিসেবে ডাকে, সে আসলে তাকে নাপাক ও অপবিত্রই করে দেয়।

وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّ اجْعَلْ هَعَدًا بَلَدًا آمِنًا وَارْزُقْ أَهْلَهُ مِنَ الثَّمَرَاتِ مَنْ آمَن مِنْهُم بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ قَالَ وَمَن كَفَرَ فَأُمَتَّعُهُ قَلِيلاً ثُمَّ أَضْطَرُهُ إِلَى عَذَابِ النَّارِ وَبِشْسَ الْمَصِيرُ ১২৬. আর শ্মরণ কর, যখন ইবরাহীম বলল, 'হে আমার রব, আপনি একে নিরাপদ নগরী বানান এবং এর অধিবাসীদেরকে ফল—মুলের রিক্ক দিন^{১৭১} যারা আল্লাহ ও আখিরাত দিবসে ঈমান এনেছে'। তিনি বললেন, 'যে কুফরী করবে, তাকে আমি স্বল্প ভোগোপকরণ দিব।^{১৭২} অতঃপর তাকে আগুনের আয়াবে প্রবেশ করতে বাধ্য করব। আর তা কত মন্দ পরিণতি'।

১৭১. পবিত্র সেই নগরীতে শান্তি, নিরাপস্তা ও আহার্য নিশ্চিত করে মহান আল্লাহ আল–কুরআনের অন্যত্র বঙ্গেন:

১৭২. ইবরাহীম আ: যখন মানবজাতির নেতৃত্ব সম্পর্কে মহান আল্লাহ তালাকে জিজেস করেছিলেন, জবাবে তাঁকে বলা হয়েছিল, তাঁর সন্তানদের মধ্য থেকে একমাত্র মুমিন ও সত্যনিষ্ঠরাই এ পদের অধিকারী হবে, যালিমদের এ অধিকার নেই। এখানে তিনি যখন রিযিকের জন্য প্রার্থনা করলেন, তখন আগের ফরমানটিকে সামনে রেখে কেবলমাত্র নিজের মুমিন সন্তান ও বংশধরদের জন্য দোয়া করলেন। কিন্তু এখানে মহান আল্লাহ জানিয়ে দিলেন, সত্যনিষ্ঠ নেতৃত্ব এক কথা, আর রিয়িক ও আহার্য দান ভিন্ন বিষয়া যা এই দুনিয়ায় মৃমিন ও কাফির নির্বিশেষে স্বাইকে দেয়া হবে। এ থেকে সুম্পন্ট হয় যে, কারোর অর্থ–সম্পদের প্রাচুর্য দেখে এ ধারণার কারণ নেই যে, আল্লাহ তার প্রতি সম্ভন্ট আছেন এবং আল্লাহর পক্ষ থেকে সে–ই নেতৃত্ব লাভের অধিকারী।

وَإِذْ يَرْفَعُ إِبْرَاهِيمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَإِسْمَاعِيلُ رَبَّنَا تَقَبَّلُ مِنَّا إِنَّكَ أَنتَ السَّمِيعُ الْعَلِيمُ ১২৭. স্মরণ কর, যখন ইবরাহীম ও ইসমাঈল কাবার ভিততলো উঠাচ্ছিল (এবং বলছিল,) 'হে আমাদের রব, আমাদের পক্ষ থেকে কব্ল করন। নিশ্চয় আপনি সর্বশ্রোতা, সর্বজ্ঞানী'।

رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِن ذُرِّيَّتِنَا أُمَّةً مُسْلِمَةً لَكَ وَأُرِنَا مَنَاسِكَنَا وَثُبْ عَلَيْنَا إِنَّكَ أُنتَ القَوَّابُ الرَّحِيمُ ১২৮. 'হে আমাদের রব, আমাদেরকে আপনার অনুগত করুন এবং আমাদের বংশধরের মধ্য থেকে আপনার অনুগত কণ্ডম বানান। ^{১৭৩} আর আমাদেরকে আমাদের ইবাদাতের বিধি-বিধান দেখিয়ে দিন এবং আমাদেরকে ক্ষমা করুন। নিশ্চয় আপনি ক্ষমাশীল, পরম দয়ালু'।

১৭৩. সম্ভান–সম্ভতির প্রতি মায়া–মমতা তথুমাত্র স্বভাবগত ও সহজ্ঞাত প্রবৃত্তিই না; বরং তা আল্লাহ তাত্রালার নির্দেশও বটে। ইবরাহীম আ: সম্ভানদের দুনিয়া ঋ আখিরাতের কল্যাণের জন্য মহান আল্লাহর কাছে দোয়া করেছেন, আর এভাবে প্রার্থনা করার জন্য তিনি মহান আল্লাহ কর্তৃক নির্দেশিত হয়েছিলেন। আল–কুরআনের অপর স্থানে তিনি দোয়া করেন এভাবে:

رَبَّ اجْعَلْنِي مُقِيمَ الصَّلاَّةِ وَمِن ذُرِّيَّتِي رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاء

হে আমার পালনকর্তা। আমাকে নামায কায়েমকারী বানিয়ে দিন এবং আমার সম্ভানদের মধ্যে থেকেও। হে আমাদের পালনকর্তা। আমার দোয়া কবুল করুন।

(দেখুন: সূরা ইবরাহীম, আয়াত ৪০)

رَبَّنَا وَابْعَتْ فِيهِمْ رَسُولاً مُنْهُمْ يَتُلُو عَلَيْهِمْ آيَاتِكَ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةُ وَيُزَكِّيهِمْ إِنَّكَ أَنتَ العَرِيرُ الحُكِيمُ

১২৯. 'হে আমাদের রব, তাদের মধ্যে তাদের থেকে একজন রাসূল প্রেরণ করণন, যে তাদের প্রতি আপনার আয়াতসমূহ তিলাওয়াত করবে^{১৭৪} এবং তাদেরকে কিতাব ও হিকমত^{১৭৫} শিক্ষা দিবে আর তাদেরকে পবিত্র করবে।^{১৭৬} নিশ্চয় আপনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়'।^{১৭৭}

১৭৪. তিলাওয়াতের মূল অর্থ অনুসরণ করা। শব্দটি কুরআন মাজীদ ও অন্যান্য আসমানী কিতাব পাঠ করার ক্ষেত্রেই ব্যবহাত হয়েছে। মানবরচিত কোনো গ্রন্থ পাঠে এ শব্দটি প্রয়োগ করা হয়নি। তাই আল্লাহর কিতাব অনুধাবন-অনুসরণের উদ্দেশ্য ছাড়া তথু আবৃত্তি করলে তিলাওয়াতের হক আদায় হয় না।

১৭৫. এখানে 'কিতাব' বলতে আল্লাহ কর্তৃক অবতীর্ণ কিতাবকে বুঝানো হয়েছে। আর 'হিকমাহ'
শব্দ দিয়ে বুঝানো হয়েছে 'সত্যে উপনীত হওয়া, ন্যায় ও সুবিচার এবং জ্ঞান ও প্রজ্ঞা ইত্যাদি।
পরিভাষাটি আল্লাহর সাথে সম্পূক্ত হলে অর্থ দাঁড়ায় 'বাস্তব ও অনস্তিত্বের সব বস্তুর পূর্ণাঙ্গ জ্ঞান
এবং অসীম ও সুদৃঢ় উদ্ভাবনী শক্তি। আর অন্যের ক্ষেত্রে ব্যবহৃত হলে এর অর্থ হয় বিদ্যমান সব
বস্তুর বিশ্বদ্ধ জ্ঞান এবং সহকর্ম, ন্যায় ও সুবিচার, সত্য কথা ইত্যাদি।

১৭৬. পরিশুদ্ধ ও পবিত্র করার অর্থ জীবনকে সত্য, সঠিক ও পরিচ্ছর মন—মানসিকতা, চিস্তা— চেতনা, আচার—আচরণ, চরিত্র—নৈতিকতা, সমাজ—সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতিসহ সামগ্রিকভাবে উন্নত দৃষ্টিভঙ্গীর আলোকে সুসজ্জিত করে গড়ে ভোলা। ১৭৭. এখানে একথা বুঝানোই উদ্দেশ্য যে, মহানবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আবির্ভাব আসলে ইবরাহীম আলাইহিস সালামের ঐ দোয়ার প্রত্তুবরা

وَمَن يَرْغَبُ عَن مَّلَةِ إِبْرَاهِيمَ إِلاَّ مَن سَفِهَ نَفْسَهُ وَلَقَدِ اصْطَفَيْنَاهُ فِي التُّنْيَا وَإِنَّهُ فِي الآخِرَةِ لَمِنَ الصَّالِحِينَ

১৩০. আর যে নিজকে নির্বোধ বানিয়েছে, সে ছাড়া কে ইবরাহীমের আদর্শ থেকে বিমুখ হতে পারে? আর অবশ্যই আমি তাকে দুনিয়াতে বেছে নিয়েছি এবং নিশ্চয় সে আখিরাতে নেককারদের অন্তর্ভুক্ত থাকবে।

إِذْ قَالَ لَهُ رَبُّهُ أَسْلِمْ قَالَ أَسْلَمْتُ لِرَبِّ الْعَالَمِينَ

১৩১. যখন তার রব তাকে বললেন, 'তুমি আত্মসমর্পণ কর'। ১৭৮ সে বলল, 'আমি সকল সৃষ্টির রবের কাছে নিজকে সমর্পণ করলাম'।

১৭৮. যে আল্লাহর অনুগত হয়, আল্লাহকে নিজের মালিক, প্রভু ও মাবৃদ হিসেবে গ্রহণ করে, নিজেকে পুরোপুরি আল্লাহর হাতে সোপর্দ করে দেয় এবং দুনিয়ায় তাঁর দেয়া বিধান অনুযায়ী জীবন যাপন করে, সে–ই মুসলিমঃ এই বিশ্বাস, প্রত্যেয়, দৃষ্টিভঙ্গী ও কর্মপদ্ধতির নাম 'ইসলাম'। মানব জাতির সৃষ্টিলগু থেকে তরু করে বিভিন্ন সময়ে দুনিয়ার বিভিন্ন দেশে ও জাতিতে যেসব নবী ও রাসূল এসেছেন, এটিই ছিল তাঁদের সবার এক ও অভিন্ন দীন, জীবন পদ্ধতি, আহ্বান ও মিশন।

وَوَصَّى بِهَا إِبْرَاهِيمُ بَنِيهِ وَيَعْقُوبُ بَا بَنِيَّ إِنَّ اللَّهَ اصْطَفَى لَكُمُ الدِّينَ فَلاَ تَمُوتُنَّ إِلاَّ وَأَنتُم مُسْلِمُونَ ১৩২. আর এরই উপদেশ দিয়েছে ইবরাহীম তার সন্তানদেরকে এবং ইয়াকূবও^{১৭৯} (যে,) 'হে আমার সন্তানেরা, নিশ্চয় আল্লাহ তোমাদের জন্য এই দীনকে চয়ন করেছেন। ^{১৮০} সূতরাং তোমরা মুসলিম হওয়া ছাড়া মারা যেয়ো না।

১৭৯. বনী ইসরাঈল (ইসরাঈল প্রজন্ম) সরাসরি হযরত ইয়াকৃব আলাইহিস সালামের বংশধর হবার কারণে বিশেষভাবে তাঁর নাম এখানে উল্লেখ করা হয়েছে।

১৮০. 'দীন' বিশ্বাস ও আচরশের কিছু মৌলনীতি যার পরিধি ইহলৌকিক জীবনের পুরো অঞ্চল জুড়ে সুবিস্কৃত। দীন' আলাদাভাবে উল্লেখ থাকলে দীন ও শরিয়া উভয়টাকেই বুঝাবে। আর দীন ও শরিয়া একত্রে উল্লিখিত হলে, দীনের অর্থ হবে মৌলিক বিশ্বাস ও ইবাদত যা সকল তাওহীদী উশ্বতকেই পালন করতে হতো। আর শরিয়ার অর্থ হবে বিধানমালা যা জাতি বিশেষে ভিন্নভিন্ন হতো।

أَمْ كُنتُمْ شُهَدَاء إِذْ حَضَرَ يَعْقُوبَ الْمَوْثَ إِذْ قَالَ لِبَنِيهِ مَا تَعْبُدُونَ مِن بَعْدِي قَالُواْ نَعْبُدُ إِلَـهَكَ وَإِلَـهَ آبَائِكَ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَقَ إِلَـهًا وَاحِدًا وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ

১৩৩. নাকি তোমরা সাক্ষী ছিলে, যখন ইয়াকৃবের নিকট মৃত্যু উপস্থিত হয়েছিল? যখন সে তার সম্ভানদেরকে বলল, 'আমার পর তোমরা কার ইবাদাত করবে'? তারা বলল, 'আমরা ইবাদাত করব আপনার ইলাহের, আপনার পিতৃপুরুষ ইবরাহীম, ইসমাঈল ও ইসহাকের ইলাহের, যিনি এক ইলাহ। আর আমরা তাঁরই অনুগত'।

गुर्धि أَمَّةً قَدْ خَلَتْ لَهَا مَا كَسَبَتْ وَلَكُم مَّا كَسَبْتُمْ وَلاَ تُشَالُونَ عَمَّا كَانُوا يَعْمَلُونَ ১৩৪. সেটা এমন এক উন্মত या বিগত হয়েছে। তারা या অর্জন করেছে তা তাদের জনাই, আর তোমরা যা অর্জন করেছ তা তোমাদের জনাই। আর জরা যা করত সে সম্পর্কে তোমাদেরকে জিজ্ঞাসা করা হবে না।

ত্তী है। वेर्टी है केर्टी है केर्टी है केर्टी है केर्टी है है है केर्टी है केर है केर्टी है केर्टी है केर्टी है केर्टी है केर्टी है केर्टी है क

১৮১. এই জবাবটির মর্মার্থ বৃঝতে দু'টি বিষয় সামনে রাখা দরকার:

এক. খৃষ্টপূর্ব ৩য়-৪র্থ শতকে ইহুদীবাদ আর ঈসা আ:এর সময়কালের বেশ কিছুকাল পরে খৃষ্টবাদের অভ্যুদয় ঘটে। তাই প্রশ্ন জাগে, ইহুদী বা খৃষ্টবাদ গ্রহণ করাই যদি সঠিকপথ লাভের ভিত্তি হয়, তাহলে এর শত শত বছর আগে জল্মগ্রহণকারী ইবরাহীম আ:সহ অন্যান্য নবীগণ ও সংব্যক্তিবর্গ, যাঁদেরকে এরাই সংপথপ্রাপ্ত বলে স্বীকার করে, তাঁরা সংপথপ্রাপ্ত হলেন কিভাবে? আসল কথা হলো, বিশ্বব্যাপী যুগে যুগে প্রয়োজন অনুযায়ী মহান আল্লাহর পক্ষ থেকে প্রেরিত নবী-রাস্লদের মাধ্যমেই মানুষ বিশ্বাস ও দিক-নির্দেশনার অভিন্ধ উপাদানের ভিত্তিতে চিরন্তন, শাশ্বত ও সহজ-সত্য পথের সন্ধান লাভ করেছে।

তুই. ইহুদী ও খৃষ্টানদের ধর্মগ্রন্থগুলোই ইবরাহীম আ:এর এক আল্লাহ ছাড়া আর কারোর ইবাদাত-বন্দেগী, উপাসনা-আরাধনা, প্রশংসা ও আনুগত্য না করার সাক্ষ্য দেয়। মহান আল্লাহর গুণ-বৈশিষ্ট্যের সাথে আর কাউকে শরীক না করাই ছিল তাঁর মিশন। কাজেই সন্দেহাতীতভাবে বলা যায়, ইবরাহীম আ: যে চিরস্তন সত্য-সরল একত্বাদী পথের উপর প্রতিষ্ঠিত ছিলেন, ইহুদী ও খৃষ্টবাদ তা থেকে সুস্পষ্টভাবে বিচ্যুত হয়েছে। কারণ তাদের উভয়ের মধ্যে ঘটেছে শিরকের প্রকাশ্য মিশ্রণ।

১৮২. নবীদের মধ্যে পার্থক্য না করার অর্থ হচ্ছে, তাঁদের কেউ সত্যের উপর প্রতিষ্ঠিত ছিলেন আর কেউ তার উপর কায়েম ছিলেন না অথবা কাউকে মানি আর কাউকে মানি না ' আমরা তাঁদের মধ্যে এডাবে পার্থক্য করি না। আল্লাহর পক্ষ থেকে আগত সব নবীই যুগে যুগে একই চিরস্তন সত্য ও একই সরল–সোজা পথের দিকে আহবান জানিয়েছেন। কাজেই যথার্থ সভ্যপ্রিয় কারো পক্ষে সব নবীকে সত্যপদ্বী ও সত্যের উপর প্রতিষ্ঠিত বলে মেনে নেয়াই স্বাভাবিক। যিনি এক নবীকে মানেন আর অন্য নবীকে করেন অস্বীকার, তিনি আসলে যে নবীকে মানেন তাঁরও অনুগামী নন। কারণ মূসা আ:, ঈসা আ: ও অন্যান্য নবীগণ যে বিশ্বব্যাপী চিরন্তন সহজ—সত্য পথ দেখিয়েছিলেন তিনি আসলে তার সন্ধান পাননি, বরং তিনি নিছক বাপ—দাদার অনুসরণ করে নিজের পছন্দমত একজন নবীকে মানছেন। তার আসল ধর্ম হয়ে পড়ছে বর্ণবাদ, বংশবাদ অথবা কোনো ভৌগলিক জাতীয়তাবাদ সংক্রমিত এবং বাপ—দাদার অন্ধ অনুসরণ, কোনো নবীর অনুগামিতা নয়।

فَإِنْ آمَنُواْ بِمِثْلِ مَا آمَنتُم بِهِ فَقَدِ اهْتَدَواْ وَإِن تَوَلَّواْ فَإِنَّمَا هُمْ فِي شِقَاقٍ فَسَيَكُفِيكُهُمُ اللَّهُ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ

১৩৭. অতএব যদি তারা ঈমান আনে, তোমরা যেরূপে তার প্রতি ঈমান এনেছ, তবে অবশ্যই তারা হিদায়াতপ্রাপ্ত হবে। আর যদি তারা বিমুখ হয় তাহলে তারা রয়েছে কেবল বিরোধিতায়, তাই তাদের বিপক্ষে তোমার জন্য আল্লাহ যথেষ্ট। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। ১৮৩

১৮৩. মহান আল্লাহ আল–কুরআনের অন্য এক আয়াতে বলেন:

وَاللَّهُ أَعْلَمُ بِأَعْدَائِكُمْ وَكُفِّي بِاللَّهِ وَلِيًّا وَكُفِّي بِاللَّهِ نَصِيرًا

আল্লাহ তোমাদের শত্রদের তালো করেই জানেন এবং তোমাদের সাহায্য–সমর্থনের জন্য আল্লাহই যথেষ্ট।

.(দেখুন: সূরা আন–নিসা, আয়াত: ৪৫)

صِبْغَةَ اللهِ وَمَنْ أَحْسَنُ مِنَ اللهِ صِبْغَةً وَنَحْنُ لَهُ عَابِدُونَ

১৩৮. (বল,) আমরা আল্লাহর রং গ্রহণ করলাম। ^{১৮৪} আর রং এর দিক দিয়ে আল্লাহর চেয়ে কে অধিক সুন্দর? আর আমরা তাঁরই ইবাদাতকারী।

১৮৪. عِبْغَةُ 'সিক্াাহ্' শব্দের অর্থ রং বা বর্ণ, colour, dye, stain; পারিভাষিক অর্থে 'যা ধারণ করা হয়' বা 'ধর্ম' অথবা 'দীন' অর্থাৎ religion, creed, doctrine, belief.আয়াতটির অর্থ হবে আমরা অল্লহর দীন ইসলামকে ধারণ করলাম।

খ্রিষ্টানদের মধ্যে একটি বিশেষ রীতির প্রচলন ছিল। কেউ তাদের ধর্ম গ্রহণ করলে তাকে গোসল করানো হতো। আর এ গোসলের অর্থ ছিল, তার সব গুনাহ যেন ধুয়ে–মুছে গোলো এবং তার জীবন নতুন এক রং ধারণ করলো। তাদের কাছে এর পারিভাষিক নাম হচ্ছে 'ইস্তিবাগ' বা 'রঙ্গীন করা' (ব্যাপ্টিজম: debut, launching or initiation)। তাদের ধর্মে যারা প্রবেশ করে কেবল তাদেরকেই ব্যাপটাইজ্ড বা খৃষ্ট ধর্মে রঞ্জিত বলে ধারণা করা হয়। এমনকি খৃষ্টানদের শিহুদেরকেও ব্যাপটাইজ্ড করা হয়।

এ ব্যাপারেই আল–কুরআন বলছে, এ লোকাচারমূলক 'রঞ্জিত' হবার যৌক্তিকতা কোথায়? বরং মহান আল্লাহর রঙ্গে রঙ্গীন হও। যা কোনো পানি দিয়ে হওয়া যায় না। বরং তাঁর বন্দেগীর পথ অবলম্বন করেই এ রঙ্গে রঙ্গীন হওয়া যায়।

১৮৫. ইন্থদী ও খৃষ্টানদের পক্ষ থেকে আল্লাহ তাজালা সম্পর্কে মুমিনদের সাথে বিবাদ করার কিছু নেই। বরং বিতর্ক যদি করারই থাকে তবে তা হতে পারে মুমিনদের তরফ থেকেই, কেননা তারাই তো মহান আল্লাহর সাথে অন্যদেরকে ইবাদাতের যোগ্য বানিয়ে নিয়েছে, মুমিনেরা নয়৷

১৮৬. অর্থাৎ বিরোধীতাকারীদের কাজের জন্য তারা দায়ী, আর মুমিনদের কাজের জন্য মুমিনরা দায়বদ্ধ। তারা যদি তাদের বন্দেগীকে বিভক্ত করে থাকে এবং অন্য কাউকে আল্লাহর সাথে শরীক করে আরাধনা—উপাসনা ও আনুগত্য করে, তাহলে সে ক্ষমতা তাদের দেয়া হয়েছে। কিন্তু তার পরিণাম তাদেরকেই ভোগ করতে হবে। মুমিনরা বলপূর্বক তাদেরকে ঐ কাজ থেকে বিরত রাখতে চায় না। তবে তাঁরা নিজেদের বন্দেগী, আনুগত্য ও উপাসনা—আরাধনা সবকিছুই একমাত্র আল্লাহর জন্যই একমুখী হয়ে নির্দিষ্ট করে নিয়েছে। যদি বিরোধীরা একথা স্বীকার করে নেয় যে, মুমিনদেরও এক আল্লাহর ইবাদাত করার ক্ষমতা ও অধিকার আছে, তাহলে তো সব বিবাদই মিটে যায়া

أَمْ تَقُولُونَ إِنَّ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَقَ وَيَعْقُوبَ وَالأَسْبَاطُ كَانُواْ هُودًا أَوْ تَصَارَى قُلْ أَأَنتُمْ أَمْ لَقُولُونَ إِنَّ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَقَ وَيَعْقُوبَ وَالأَسْبَاطُ كَانُواْ هُودًا أَوْ تَصَارَى قُلْ أَأَنتُمْ أَعْلَمُ مِنَ كَتَمَ شَهَادَةً عِندَهُ مِنَ اللهِ وَمَا اللهُ يِعَافِلٍ عَمَّا تَعْمَلُونَ \$80. नाकि তোমরা বলছ, 'निक्ष ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকৃব ও তাদের সন্তানেরা ছিল ইয়াহূদী কিংবা নাসারা? বল, 'তোমরা অধিক জ্ঞাত নাকি আল্লাহ'? 'ত আর তার চেয়ে অধিক যালিম কে, যে আল্লাহর পক্ষ থেকে তার কাছে যে সাক্ষ্য রয়েছে তা গোপন করে? 'ত আর তোমরা যা কর, আল্লাহ সে সম্পর্কে গাফিল নন।

১৮৭. ইহুদী ও খৃষ্টান জনতার মধ্যে যারা অজ্ঞতা ও মূর্খতাবশত মনে করত যে, এই বড় বড় মহান নবীদের সবাই ইহুদী অথবা খৃষ্টান ছিলেন, তাদেরকে সম্বোধন করে এখানে একথা বলা হয়েছে।

১৮৮. এখানে সম্বোধন করা হয়েছে ইছদী ও খৃষ্টান আলেমদেরকে।

تِلْكَ أُمَّةً قَدْ خَلَتْ لَهَا مَا كَسَبَتْ وَلَكُم مَّا كَسَبْتُمُ وَلاَ تُسْأَلُونَ عَمَّا كَانُواْ يَعْمَلُونَ \$283. (अठा ि हिन এकि উग्नाठ, याता ि विशठ श्राहा। जाता या व्यक्त करत्राह, जा जातन क्रम्य जात खामता या व्यक्त करत्रह जा खामात्मत क्रम्य। जात जाता या कत्रठ, तम मम्भरक खामात्मत्ररक जिल्लामा कत्रा श्राहत ना। अठे

১৮৯, এ বক্তব্যটি এই সূরার ১৩৪ নং আয়াতের অনুরূপ।

अमाश